# PLATINUM JUBILEE SOUVENIR

## Harindanga High School

Falta, 24 PGS (S), West Bengal













2022-2023

# PRASUN HALDER

Member of the Zonal Manager's Club for Agents

**Amtala Branch Office : Amtala, P.O.- Kanyanagar**
**Amtala, 24 Parganas (S) - 743398, Tel : 033 2470 9390**
**Mobile : 9932407287 / 9434344873**
**E-mail : shreeprasun@gmail.com**
**lic.prasun@gmail.com**

• सदस्य • अभिकर्ताओं के लिये क्षेत्रीय प्रबंधक क्लब • MEMBER • ZONAL MANAGER'S CLUB FOR AGENTS



LIC
भारतीय जीवन बीमा निगम
LIFE INSURANCE CORPORATION OF INDIA

**Mobile : 9932407287 / 9434344873**
E-mail : shreeprasun@gmail.com
lic.prasun@gmail.com
**Address : Taratala, KMDO - II**

## Also Licensed & Authorised by :

National Insurance

AMFI Association of Mutual Funds in India

STAR Health Insurance Personal & Caring — The Health Insurance Specialist

HDFC BANK — We understand your world

LIC HFL — LIC HOUSING FINANCE LTD — Building homes. Nurturing relationships.

# PRASUN HALDER

Professional Financial Advisor
**MBA in Insurance and Financial Planning**



## *Astrologer, Palmist & Numerologist*

# PRASUN HALDER



**GOLD MEDALIST**
*Best collection of Precious & Semi precious Gems*
**16R, Kali Charan Dutta Road**
**Sakher Bazaar, Kolkata - 700 061**
For Appoinment Call : **9932407287 / 9434344873**

**ABHISHEK BANERJEE**
Member of Parliament, Lok Sabha

অভিষেক ব্যানার্জী
সাংসদ, লোকসভা

सत्यमेव जयते

**Member :**
Parliamentary Standing Committee
on External Affairs.
Consultative Committee on Housing &
Urban Affairs.

December 25, 2021

**Ref No: 2021/DE/253532**

To,
Dr. Asim Kumar Mandal
Headmaster
Harindanga High School (Higher Secondary)
P.O. Chaberia, P.S. Falta
South 24 Parganas
Pin: 743504

Dear Dr. Mandal,

Thank you for inviting me to the grand occasion of Harindanga High School's Platinum Jubilee. It is truly a moment for celebration, and I pray for a continued bright future for Harindanga High School (H.S.) and your students.

Allow me to wish you and everyone at Harindanga High School (H.S.) the very best!

All the very best.

Yours Sincerely,

Abhishek Banerjee

**Abhishek Banerjee**
**Member of Parliament – Lok Sabha**
**Diamond Harbour P.C**

Delhi Address : 183, South Avenue, New Delhi - 110 011. Phone : +91 11 2379 4737, Fax : +91 11 2379 4738
Kolkata Office : Moksh Landmark, 3rd Floor, 121, Kalighat Road, Kolkata - 700 026. Phone : +91 33 2454 2010, Fax : +91 33 2454 2020
Residence : Shantiniketan, 188A Harish Mukherjee Road, Kolkata - 700 026. Email : abhishekbanerjee.mp@gmail.com ● abhishek.banerjee@sansad.nic.in
LS Constituency Office : Vill : Amtala Natun Pally Baruipur Road (Near Barnali Sangha), PO : Kanyanagar,
PS : Bishnupur, Dist. South 24Pgs. Pin - 743398. Phone : +91 33 2480 9999
/AbhishekBanerjeeOfficial /abhishekaitc /abhishekaitc

ব্রাত্য বসু
মন্ত্রী
উচ্চ শিক্ষা বিভাগ এবং বিদ্যালয় শিক্ষা বিভাগ
পশ্চিমবঙ্গ সরকার
বিকাশ ভবন (৫ম তল)
ইস্ট ব্লক, সেক্টর - ১
সল্টলেক, কলকাতা - ৭০০ ০৯১
ফোন : ২৩৫৮-৮৮৫৮, ২৩৩৪-২২৫৬, ফ্যাক্স : ২৩৩৭-৬৭৮৩

Bratya Basu
*Minister-in-Charge*
Higher Education Department
and
School Education Department
Government of West Bengal
**Bikash Bhavan** (5th Floor)
East Block, Sector - I
Salt Lake, Kolkata - 700 091
Tel : 2358-8858, 2334-2256, Fax : 2337-6783

No.1241-MIC/HED & SED

27th December, 2022

# Message

It gives me immense pleasure to learn that Harindanga High School (H.S.) of P.O.Chaberia, P.S. Falta, Dist- South 24 Parganas is going to observe **PLATINUM JUBILEE CELEBRATION** on 2nd and 3rd January, 2023.

I wish the programme a grand success and convey my best wishes to all the teachers, students and the staff of the school.

Bratya Basu

(Bratya Basu)

The Headmaster,
Harindanga High School (H.S.)
P.O.Chaberia, P.S. Falta,
Dist- South 24 Parganas

*Satyajit Barman*
**Minister of State**
Department of School Education
Government of West Bengal
Bikash Bhavan, 5th Floor, D.F. Block,
Sector-I, Salt Lake, Kolkata - 700 091
Tel. : (033) 2334 0001
Fax : (033) 2334 0059

সত্যজিৎ বর্মন
রাষ্ট্রমন্ত্রী
বিদ্যালয় শিক্ষা বিভাগ
পশ্চিমবঙ্গ সরকার
বিকাশ ভবন, ৬ষ্ঠ তল, ডি.এফ.ব্লক
সেক্টর-১, সল্টলেক, কোলকাতা - ৭০০ ০৯১
টেলি : (০৩৩) ২৩৩৪ ০০০১
ফ্যাক্স : (০৩৩) ২৩৩৪ ০০৫৯



## *Message*

*Our normal Life style has received a sudden jolt in recent past due to the " Bolt from the Blue " - Covid 19 ! In this pandemic, every sector of our life have been badly hit. One of the worst affected sector is Education, where the traditional way of teaching and learning has practically lost its track. After bearing the burnt of initial shock, the visionary leadership and advice of our Hon'ble Chief Minister, Smt Mamata Banerjee, have guided the school Education & Higher Education Departments of the Government Of West Bengal to shown resilient efforts and to get back to the normal track of learning. In this process new endeavors have been taken to compensate the losses the students have suffered, so that future generations are not affected. School Education & Higher Education Departments have also taken a series of initiatives in tune with the good practices taken by the Government Of West Bengal since 2011, for the continuous up gradation of Education environment of the State.*

*From the immemorial, Bengal has claimed a special position in the Educational and Cultural map of the world. This has been continuing under the visionary guidance of our beloved and Hon'ble Chief Minister, Smt Mamata Banerjee, whose tireless efforts to convert Bengal to Biswa Bangla is now bearing fruits. This has been also globally recognized and lauded. In the recent past UNICEF has awarded the Government of West Bengal for the Kanyashree Scheme.*

*Education is the only weapon which can eradicate virus of evils in the society. Therefore, after Covid 19 pandemic, we are constantly striving to reach every nook and corner of Bengal, to enable all future citizens to build an enlightened Bengal.*

***It gives me an immense pleasure, knowing that, Harindanga High School (H.S) is all set to celebrate the Platinum Jubilee on 2nd & 3rd January, 2023. Harindanga High School (H.S) has always been in fore front in qualitative & quantitative disseminating of elementary Education across Harindanga, Chaberia. I appreciate the hard labour put by the School Authority to make the programme a grand success.***

***This Affirmative whole journey is aiming to describe the Positive Outcomes and is meant for all stake holders.***

*With Best Wishes*

**( Satyajit Barman )**
**Minister Of State**
**School Education Deptt.**

**DR. CHIRANJIB BHATTACHARYA**
**PRESIDENT**
**WEST BENGAL COUNCIL OF HIGHER SECONDARY EDUCATION**

**Vidyasagar Bhavan**
**9/2, Block-DJ, Sector-II**
**Salt Lake, Kolkata-700 091**
**Phone : 2359-6526 (O)**
**9836655333 (M)**
**9836402118 (M)**
**Tele Fax : (033) 2334 5541 (Office)**

No. 4/PR/181/2022

Date 29/12/2022

To
**The Headmaster**
**HARINDANGA HIGH SCHOOL (H.S.)**
Harindanga. P.O. – Chaberia. P.S. – Falta.
Dist. – South 24 Pgs.,PIN – 743504. West Bengal.

I am glad to know that **HARINDANGA HIGH SCHOOL (H.S.)** is going to celebrate **"Platinum Jubilee Celebration"** which will be held in a befitting manner and that to commemorate the occasion a special issue of the Souvenir will be published containing various articles on the academic achievement of the institution.

I am aware that this long period the school has made significant contributions to the cause of education of the students of the locality and has produced a number of brilliant students who have distinguished themselves in their respective fields of endeavour.

On the auspicious occasion I convey my sincere greetings and good wishes to the Teachers. Employees. Students. Members of the Managing Committee and those who are associated with this school.

I also convey my best wishes for the success of the **"Platinum Jubilee Celebration"** of **HARINDANGA HIGH SCHOOL (H.S.)**

**(Dr. Chiranjib Bhattacharya)**
**President, WBCHSE**

তাপস কুমার মুখার্জি
সচিব (ভারপ্রাপ্ত)
পশ্চিমবঙ্গ উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ

বিদ্যাসাগর ভবন
৯/২, ব্লক - ডি. জে, সেক্টর -২
সল্টলেক, কলকাতা - ৭০০ ০৯১
দূরাভাষ : ২৩৩৭-৪৯৮৪/৮৫/৮৬/৮৭ (অফিস)
মোবাইল : ৯৪৩৩০৯৪০২১ / ৯৬৭৪৩৪৪৪২২
ফ্যাক্স : (০৩৩) ২৩৫৯-৬৫২৫ (অফিস)

স্মারক L/SECY/105/2022

তারিখ 27/12/2022

প্রতি
প্রধানশিক্ষক
হরিণডাঙ্গা হাই স্কুল
পোঃ ছাবেড়িয়া, হরিণডাঙ্গা,
থানা-ফলতা, জেলা- দক্ষিণ ২৪ পরগণা

মহাশয়,

আগামী ২ জানুয়ারি ও ৩ জানুয়ারি বিদ্যালয়ের প্লাটিনাম জুবিলীর সমাপ্তি অনুষ্ঠান হতে চলেছে জেনে আনন্দিত হলাম।

দীর্ঘ ৭৫ বছর আগে এই প্রত্যন্ত আঞ্চলে যাঁরা নানা প্রতিকূলতার মধ্যেও বিদ্যালয় প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করেছিলেন তাঁদের আমি প্রথমেই আমার শ্রদ্ধা ও প্রণাম জানাই।

বিদ্যালয় পরিচালন সমিতি ও উৎসব কমিটি ৭৫ বর্ষ পূর্তিকে কেন্দ্র করে যে অনুষ্ঠান আয়োজন করেছেন সেজন্য আমি অভিনন্দন জানাই।

দীর্ঘ বহু বছর ধরে বিদ্যালয়ের কর্তৃপক্ষ প্রধানশিক্ষক সহ সকল শিক্ষকবৃন্দ যেভাবে শিক্ষার প্রসারে সদর্থক ভূমিকা নিয়ে চলেছেন তা অবশ্যই প্রশংসনীয়।

শিক্ষা প্রসারে তাদের এই প্রচেষ্টা অব্যাহত থাকবে এই প্রত্যাশা করি এবং ৭৫ বর্ষ পূর্তি উৎসবের সার্বিক সাফল্য কামনা করি।

ভবদীয়

(তাপস মুখোপাধ্যায়)
সচিব
পঃবঃ উঃমাঃ শিক্ষা সংসদ

**Subrata Ghosh**, *Associate Professor*
***Secretary***

**West Bengal Board of Secondary Education**
Nivedita Bhavan, Karunamoyee, Block : DJ-8, Sector-II,
Salt Lake, Kolkata - 700 091

**Memo No. : 08 /Sec/23** **Date : 05 /01/2023**

## Message

I am glad to know that Harindanga High School, Dist-South 24 Parganas is going to celebrate the **Platinum Jubilee** of the school on **2nd** and **3rd January, 2023** at the school premises with various colourful programme. On this occasion, a souvenir will be published on that day and it will contain various important articles for the interest of the students of the school.

I extend my good wishes to the student of the school and their best future in life.

I also convey my heartiest congratulations to the Headmaster, Teaching staffs, Non-teaching staffs and all members of the Managing Committee of the school.

Subrata Ghosh,
Secretary 05.01.2023.
West Bengal Board of Secondary Education

The Headmaster
Harindanga High School
P.O.- Chaberia
District- South 24 Parganas

M : 9147104200, Tele Fax : 2321 3816, e-mail : wbbse05@yahoo.co.in

# দক্ষিণ ২৪ পরগণা জেলা পরিষদ
## South 24 Parganas Zilla Parishad

New Administrative Building, 2nd Floor
12, Biplabi Kanai Bhattacharya Sarani
Alipore, Kolkata - 700 027

সামিমা সেখ, *সভাধিপতি*
*Samima Sk,* Sabhadhipati

Mobile : 9830922828
Office : 2479-1738, Fax : 2449-8192
E-mail : sabhadhipati.s24-pgs@gmail.com


*Memo No.* ..................................

*Date* 28/12/2022

## শুভেচ্ছাবার্তা

"হরিণডাঙা হাইস্কুল (উচ্চ-মাধ্যমিক)"-এর উদ্যোগে বিদ্যালয়ের গৌরবময় ৭৫তম বর্ষপূর্তি উৎসব (Platinum Jubilee Celebration) আগামী ইংরাজী ২রা জানুয়ারী ২০২৩ থেকে অনুষ্ঠিত হবে জেনে আনন্দিত হয়েছি।

বিদ্যালয়ের গৌরবময় ৭৫তম বর্ষপূর্তি উৎসব (Platinum Jubilee Celebration) উপলক্ষে স্মারক পত্রিকা প্রকাশনের উদ্যোগকে স্বাগত জানাই।

আমি আন্তরিকভাবে বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সম্পাদক, বিদ্যালয় পরিচালন কমিটি ও উৎসব কমিটির সকল সদস্যকে অভিনন্দন ও শুভেচ্ছা জানাচ্ছি এবং এই অনুষ্ঠানের সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি।

প্রতি:

মাননীয়
ডঃ অসীম কুমার মন্ডল
প্রধান শিক্ষক
হরিণডাঙা হাইস্কুল(উচ্চ-মাধ্যমিক)
পোঃ চাবেরিয়া, ফলতা
দক্ষিণ ২৪ পরগনা।

শুভেচ্ছান্তে

সামিমা সেখ
সভাধিপতি
দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ

OFFICE OF THE
DISTRICT MAGISTRATE & COLLECTOR
SOUTH 24 PARGANAS

**Office:** 12, Biplabi Kanai Bhattacharya Sarani, Alipore, Kolkata – 700027
**Phone:** 033-2449 9944 / 2479 1694, **Fax:** 033-2448 7871
**Email:** dm.s24pgs@gmail.com, dm-ali@nic.in

*No.* 511 *Date: 30.12.2022*

# *Message*

*I am indeed happy to learn that **Harindanga High School (H.S.)**, PO: Chaberia, PS: Falta under Diamond Harbour Sub-Division, Dist. South 24-Parganas are going to celebrate glorious **Platinum Jubilee** on 2nd January 2023.*

*This Kind of ritual is a remarkable endeavor for the betterment of the society. I am also glad to know that a souvenir is also being published to commemorate this wonderful occasion.*

*I convey my best wishes to all students, faculties and all members of the school executive committee. I do hope that the celebration will be a great success.*

Government of West Bengal
Office of District Magistrate
South 24-Pgs.

*(Sumit Gupta, IAS)*
**District Magistrate**
**&**
**Collector**
**South 24-Parganas**

District Magistrate
&
Collector
South 24 Parganas

OFFICE OF THE DISTRICT MAGISTRATE & DISTRICT PROJECT DIRECTOR
**SAMAGRA SHIKSHA MISSION, SOUTH 24 PARGANAS**

Memo: SSM/S-24Pgs/Gen/559 Date-29-12-2022

From: District Education Officer, Samagra Shiksha Mission, South 24 Parganas.

To: The Head Master, Harindanga High School (HS), South 24 Parganas.

Subject: Good wishes for Harindanga High School (H.S).

Sir,

I am glad to know that the authority of Harindanga High School (H.S) is going to celebrate 'Platinum Jubilee Celebration of its foundation with colourful events and also glad to know that the authority of the school is going to publish a souvenir to make the affairs more delectable.

I hope, your institution will overcome all hurdles in the future and continue to impart education to the younger generation of the society. I wish all success for the Platinum Jubilee Celebration and also to all the students for their bright future in life.

Yours truly,

District Education Officer,
SSM, South 24 Parganas.

**An ISO 9001:2008 Certified Organisation**
8th floor, New Administrative Building, Biplabi Kanai Bhattacharya Sarani, Alipore, Kolkata - 700027
Telephone : 24398436, MIS Cell : 24499986, E-mail : ssa_south@rediffmail.com / ssmsouth24@gmail.com / rmsa.south24@gmail.com, Website : www.s24pgseducation.org.in

Government of West Bengal
OFFICE OF THE DISTRICT INSPECTOR OF SCHOOLS (S.E.)
SOUTH 24 PARGANAS
NEW ADMINISTRATIVE BUILDING, 5TH FLOOR, KOLKATA: 700027

# MESSAGE

It gives me immense pleasure to know that HARINDANGA HIGH SCHOOL HS is celebrating 75yrs of anniversary "Platinum Jubilee" programme.

The Institution's contribution to the education and culture of the society is remarkable. There is nothing important than ethics, values & trust for Organization to be Great.

On this auspicious occasion I convey my best wishes to the management, teaching and non-teaching staff and the students and wish the school a still brighter future.

District Inspector of Schools (S.E.)
South 24 Parganas

E-mail: dis.south24pgs@gmail.com 033-24790127 Arijit Basu

THE NEOTIA UNIVERSITY
ज्ञानम् आत्म प्रदीपाय

**Prof. B. Ghosh**, D.Sc. (Engg.)

**Vice Chancellor**

## Foreword

Harindanga High School is an institution integrated with the life of students, teachers and the community of the South 24 Paragons district of West Bengal. The school has developed the human resources for free expressions in mind and it is privilege for me to associate myself with this memorable occasion in launching of the Platinum Jubilee celebrations of this esteemed institution, who provided 75 years of services in building up nation in the rural location.

Teachers have the biggest influences in building up minds of children. Along with parents, it is teachers who develop character, institute ambition and values, and build confidence among students. In short, teachers transform the lives of students and we should be very proud of our teachers who have provided their untiring efforts in building up the student's mind map.

Education is not a process to prepare students for promotion to the next class; it is a process to prepare them for life. A student is simultaneously a son or a daughter, a brother or a sister and a grandson or a granddaughter, and so on. At the same time, s/he is also a member of Society, the District, the State, the Nation and finally the Globe.

The school is where we have to remind the student of his / her obligation to society, responsibility as a citizen of the country and finally his obligation to the world as its unique member. This is particularly necessary as children of the present time are global citizens.

Speaking of education, Swami Vivekananda had said, "We want that education by which character is formed, strength of mind is increased, the intellect is expanded, and by which one can stand on one's own feet."

I will urge teachers and parents to lay utmost emphasis on character formation of the students. We have to create in our students' pride of our own cultural heritage and civilization.

At the very foundation of the entire process of learning is our natural 'urge to know'. It is this urge to know the why, how and when about natural events are taking place around us that has contributed to the evolution of man from the primitive period to thé modern times.

In India, we did have this vibrant spirit of enquiry since time immemorial. It prompted and led to innovation and research in as diverse areas of science, technology as well the socio-economic aspects in enhancing the 'Human Development Index'. India gave the world the concept of 'Zero', and it showed its potential applications not only in making 'Wheel' but also a tool for modern 'Digital Systems'.

Schools will have to empower the teachers and develop their capacities by providing them professional development support. Schools will also have to design curriculum with a global focus that will prepare the children for a world in which global employability and citizenship are seen as essential.

One of the biggest strengths of India is its youthful population. With a population of approx. 1.40 billion, India has emerged as the youngest nation in the world. By 2030, the average age of an Indian will be 29 years, which is 8 years younger than the average age of a Chinese or an American. These young men and women, full of bright and brilliant ideas hold immense potential to change the destiny of the world and improve the quality of life of our people. The world is looking up towards India to meet its demand for skilled manpower.

We want a generation of students who are willing to look out of the window, who are ready to serve society and play their part in addressing some of the persistent problems of our nation like poverty, illiteracy, deprivation and ignorance.

Once again, I congratulate the community of Harindanga High School its 75th anniversary celebrations and I extend my warm felicitations to all of you.

Biswajit Ghosh

Campus Jhinga, Sarisa
D H Road, 24 Parganas (S)
West Bengal 743368
www.tnu.in

City Office Vishwakarma
86C Topsia Road (S)
Kolkata 700046

Tel 033 4008 4848
Fax 033 4008 4966

AmbujaNeotia
An Ambuja Neotia Group Initiative

## "স্মরণীয় তাঁরা বরণীয় তাঁরা"

**যাঁদের নিরলস প্রচেষ্টায় এই বিদ্যালয়ের প্রাণপ্রতিষ্ঠা সম্ভব হয়েছে -**

স্বর্গীয় রজনীকান্ত রায়
" রসময় মালিক
" হরিপদ পুরকাইত
" নলিনীকান্ত কাঞ্জী
" অমূল্যকুমার হালদার
" কাননচন্দ্র হালদার
" ভীমচন্দ্র হালদার
" ললিতমোহন হালদার
" আশুতোষ রায়
" বসনচন্দ্র মালিক

**"যাঁদের একনিষ্ঠ অবদানে এই বিদ্যালয় প্রতিষ্ঠালগ্ন হতে প্রগতির পথে এগিয়ে চলেছে"**

স্বর্গীয় অনাদিভূষণ হালদার
" বিভূতিভূষণ হালদার
" অধীরচন্দ্র রায়

**"১৯৪৮ সালের ২রা জানুয়ারী যে নবজাতকের আবির্ভাব হয়েছিল তাকে মহীরুহ করার মূলে যাঁদের একনিষ্ঠ অবদান অবিস্মরণীয়"**

স্বর্গীয় কানন চন্দ্র হালদার
" সাধন চন্দ্র মণ্ডল
" কালীপদ দাশ

**"বিদ্যালয় যে পুরস্কারগুলো পেয়েছে"**

- নির্মল বিদ্যালয় পুরস্কার - ২০১৯
- শিশুমিত্র পুরস্কার - ২০২১
- স্বচ্ছ বিদ্যালয় পুরস্কার - ২০২২

# সম্পাদকীয় .....

'দিন যায় মাস যায়
বছর যায় ঘুরে
স্মৃতির পাখির দল
মনে ভিড় করে
রজত, সুবর্ণ, হীরক —
সব পার করে
৭৫-এ পৌঁছে এখন
প্লাটিনামের দ্বারে।

প্রকৃতপক্ষে জুবিলীর অর্থ হল উৎসব মুখর পরিবেশে জন্মতিথি পালন। এটাকে বাংলায় বলা হয় জয়ন্তী এর আদি ল্যাটিন শব্দ Jubilaeus - কোন ঘটনা বা ব্যক্তির যথাক্রমে সূত্রপাত ও জন্মকে ঘিরে সুনির্দিষ্ট সময়কাল পূরণ হওয়া উপলক্ষে সম্মান প্রদর্শনপূর্বক স্মৃতিচারণের আনন্দঘন অনুষ্ঠান।

আমাদের প্রতিপালনকারী মাতৃসম বিদ্যালয় 'হরিণডাঙ্গা হাই স্কুল' ২রা জানুয়ারী ২০২২ সালে ৭৫ বছরে পদার্পন করেছে। ১৯৪৮ সালের জানুয়ারী মাসের ২ তারিখে মানুষের মধ্যে বিদ্যা বিতরণের উদ্দেশ্য নিয়ে স্থাপিত হয় এই বিদ্যালয়। জন্মলগ্ন থেকে আজ পর্যন্ত যে সমস্ত ছাত্রছাত্রী এই বিদ্যালয় থেকে বিদ্যার্জন করে কর্মসাগরে বিচরণ করছে তাদের কাছে এই বছর এবং দিনটি খুবই আকাঙ্খিত এবং আনন্দমুখর।

এই বিশেষ বছরটিকে স্মরণীয় করে রাখা সন্তান হিসাবে আমাদের দায়িত্ব-কর্তব্যের মধ্যে পড়ে। তাই এই স্মরণীয় বছরকে চিরস্মরণীয় করে রাখার জন্য আমাদের এই 'স্যুভেনির'-এর আত্মপ্রকাশ।

বিদ্যালয়ের জন্মলগ্নে যে ছাত্রটি প্রথম হাঁটিহাঁটি পায়ে এই বিদ্যালয়ে উপস্থিত হয়েছিল এবং আজ যে ছাত্রটি বর্তমান ছাত্র হিসাবে পরিগণিত — দু'জনের পরিচয় একই — হরিণডাঙ্গা হাই স্কুলের কৃতি সন্তান। ৮৫ বছরের বৃদ্ধ মানুষটার সঙ্গে ১০ বছরের এক বাচ্ছা যেন কোন এক অদৃশ্য সূত্রে বাঁধা পড়ে গেছে। বর্তমান ছাত্রের দুরন্তপনা ৮৫ বছর বয়সী ছাত্রের স্মৃতিবৃক্ষকে যেন নাড়া দিয়ে যায়। সময়ের চাকা পাক খেতে খেতে অতীত থেকে বর্তমানে চলে যায় আপন নিয়মে। বয়স্ক শিক্ষার্থীর মননে ভিড় করে আসা স্মৃতির পাখিরা উড়তে থাকে মনের আনন্দে দিশেহারা আবেগে। সেই বাষ্পাকুল আবেগকে সঙ্গী করে সব বন্ধুরা মিলে ছাত্র জীবনের টক-ঝাল-মিষ্টি অনুভূতিকে ফিরে পাবার জন্য এ এক মিলন উৎসব।

২০২২ সালের ২রা জানুয়ারী থেকে তিনদিন ব্যাপী বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে বিদ্যালয়ের জন্মদিন পালনের সূচনা। এরপর সারা বছর ব্যাপী নানারকম খেলাধূলা, বিভিন্ন কম্পিটিশানের মধ্য দিয়ে বছরটিকে উৎসবমুখর করে রাখা হয়। অবশেষে ২০২৩ সালের ২রা এবং ৩রা জানুয়ারী সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে জন্মোৎসবের পরিসমাপ্তি ঘটে। সমাজের নানাস্তরের গুণীজনের সমাগমে উৎসবের দিনগুলিতে বিদ্যালয়ের ঔজ্জ্বল্য আরো বাড়িয়ে দিয়েছে।

যার ছত্রছায়ায় আমরা শৈশবের খেলাঘর ছেড়ে কৈশোরে থেকে যৌবনে উপনীত হয়েছি সেই মায়ের ৭৫তম জন্মদিনে উপস্থিত থেকে মনের আবেগে বলতে ইচ্ছে হচ্ছে —

'আমরা মিলেছি আজ মায়ের ডাকে
ঘরের হয়ে পরের মত
ভাই ছেড়ে ভাই ক'দিন থাকে।।'

আমরা ভ্রাতৃত্বের বন্ধনে আবদ্ধ হয়ে সারা বছর ধরে উৎসব মুখর পরিবেশে মায়ের আরাধনায় ব্রতী হয়েছি। যে সমস্ত শিক্ষার্থীরা দেশ বিদেশে তাদের প্রতিভার স্ফুরণ ঘটাচ্ছে তাদের সাহচর্যে বর্তমান শিক্ষার্থীরা অনেক উপকৃত হবে। এই সুন্দর মুহূর্তের সাক্ষী হিসাবে আমাদের এই 'স্যুভেনির' হয়ে উঠবে এক বাস্তব দলিল।

'উত্তিষ্ঠত জাগ্রত প্রাপ্য বরান নিবোধত
ক্ষুরস্য ধারা নিশিতা দুরত্যয়া দূর্গম পথস্তৎ কবয়ো বদন্তি।'

**সীনা নস্কর এবং কৌশিক মিথিয়া**

# সভাপতির কলমে ......

হরিণডাঙ্গা উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণ আজ কলরব মুখরিত, উদ্বেলিত আনন্দধারায়। অনুষ্ঠিত হচ্ছে বিদ্যালয়ের প্লাটিনাম জুবিলী অনুষ্ঠান। বর্তমান এবং প্রাক্তন ছাত্রছাত্রীরা নৃত্য-গীত-বাদ্য সহযোগে বিচিত্র বর্ণাঢ্য অনুষ্ঠানের মাধ্যমে তাদের প্রিয় শৈশবের খেলাঘরকে সম্মান জানাচ্ছে। অতিথি হিসাবে এসেছেন রাজ্যের মন্ত্রী, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, মহাবিদ্যালয়ের অধ্যক্ষ, অধ্যাপকবৃন্দ, বিদ্যালয়ের প্রধান শিক্ষক, শিক্ষকবৃন্দ এবং বিশিষ্ট শিল্পীবৃন্দ। প্রকৃত অর্থেই এ এক মহামিলন ক্ষেত্র।

আজ থেকে প্রায় সিকি শত বছর আগে হরিণডাঙ্গা উচ্চবিদ্যালয়ে প্রধান শিক্ষক হিসাবে আমার যোগদান।

"উজ্জ্বল জগতে হিমাদ্রির হেম-কান্তি অম্লান কিরণে।
কিন্তু ভাগ্যবলে পেয়ে সে মহা পর্বতে,
যে জন আশ্রয় লয় সুবর্ণ চরণে,
সেই জানে কতগুণ ধরে কত মতে গিরীশ।"

কবি মধুসূদনের বিদ্যাসাগর কবিতার ছত্রগুলো ধার নিলাম বিদ্যালয় সম্পর্কে মনের অভিব্যক্ত বোঝানোর জন্য। ছত্রগুলোর ব্যাখ্যা দরকার। অম্লান সূর্যকিরণে হিমালয় পর্বতের সোনার মতো রূপ (হেমকান্তি) জগতে উজ্জ্বল। কিন্তু ভাগ্যগুণে যে ব্যক্তি সেই মহাপর্বতকে পায় এবং তার সোনার চরণে আশ্রয় নেয়, সেই জানে গিরীশ (গিরিশ্রেষ্ঠ) কত গুণের অধিকারী। হরিণডাঙ্গা উচ্চ বিদ্যালয়ে আমার যোগদান দিল হেমকান্তি হিমাদ্রির সুবর্ণ চরণে আশ্রয় গ্রহন। স্মৃতি যে সতত সুখের তা সবসময় সত্য নয়। দুঃখ ছিল, বেদনাও ছিল কিন্তু সুখ স্মৃতিও অজস্র; তেইশ বছরে সেই সুখস্মৃতির পরিমান অপরিসীম।

১৯৪৮ সালে বিদ্যালয়ের পথচলা শুরু। কত কৃতী ছাত্রছাত্রী বিকশিত হয়েছে এই বিদ্যামঠতলে, কত গুণী শিক্ষক বোধ দান করেছেন, কত দক্ষ সংগঠক বিদ্যালয়কে সমৃদ্ধ করেছেন। সবাইকে প্লাটিনাম জুবিলী কমিটির পক্ষ থেকে হার্দিক অভিনন্দন জানাই।

লক ডাউনের মধ্যে উৎসবের প্রস্তুতি শুরু। গুছিয়ে সভা করা যায়নি। সমাজ মাধ্যমের সাহায্যে প্রাক্তনীদের সঙ্গে যোগাযোগ, ভাব বিনিময়। প্লাটিনাম জুবিলী উৎসবের পুরো এপিসোডের মধ্যে প্রাক্তনীদের সঙ্গে ভাব বিনিময়ের মুহূর্তগুলোই আমার কাছে সেরা সেরা মুহূর্ত।

কোন বড়ো পূজায় যেমন মূল পুরোহিত বা তন্ত্রধারক থাকেন তেমনই প্লাটিনাম জুবিলীতে দুই কৃতী প্রাক্তন ছাত্র ডায়মণ্ড হারবার মহিলা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডঃ সুজিত মণ্ডল এবং হরিণডাঙ্গা উচ্চবিদ্যালয়ের শিক্ষক দেবাশিস রায় মূল পুরোহিতের ভূমিকা পালন করেছেন। আমরা সবাই পিছনে থেকে সমর্থন দিয়ে গেছি মাত্র। তাদের প্রতিও আমার কৃতজ্ঞতার অন্ত নেই।

কেবলমাত্র উচ্চশিক্ষায় নয় জীবনের অনেক দিশায় আমাদের ছাত্রছাত্রীরা তাদের শিক্ষাকে কাজে লাগিয়ে সফল হয়েছে এমন উদাহরণও প্রচুর। হরিণডাঙ্গা উচ্চবিদ্যালয়ের সকল প্রাক্তন ছাত্রছাত্রী যারা আমার ছাত্রছাত্রী বা ছাত্রছাত্রী নয় সকলকে প্লাটিনাম জুবিলী কমিটির তরফ থেকে আন্তরিত অভিনন্দন জানাই।

আর আমার বর্তমান ছাত্রছাত্রীদের আশীর্বাদ জানাই। তারা চিন্তায়, কর্মে ও আচরণে প্রকৃত শিক্ষাব্রতী হয়ে রাজ্যের অন্যতম নামকরা শিক্ষা প্রতিষ্ঠানের ঐতিহ্য ধারা বজায় রাখতে সক্ষম হোক।

ডঃ অসীম কুমার মণ্ডল

## সম্পাদকের কলমে .....

আমরা অত্যন্ত আনন্দের সাথে এই বার্তাটি লিখছি, কারণ হরিণডাঙ্গা উচ্চবিদ্যালয় হল দক্ষিণ ২৪ পরগণার একটি মর্যাদাপূর্ণ শিক্ষা প্রতিষ্ঠান এবং যেটি সগৌরবে ও সফলতার সাথে ৭৫তম বর্ষ পূর্ণ করেছে। এই সন্ধিক্ষণে পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় শ্রী ব্রাত্য বসু ২০২২ সালের ২রা জানুয়ারী ৭৫তম বর্ষপূর্তি উৎসবের শুভারম্ভ করেছেন। প্লাটিনাম জয়ন্তী উৎসব উদযাপন ২০২২ এর উল্লেখযোগ্য অংশ হিসেবে প্রতিষ্ঠানটি সারাবছর ব্যাপী বেশ কিছু সাংস্কৃতিক ও শিক্ষামূলক অনুষ্ঠানের আয়োজন করেছে। ৭৫তম বার্ষিকী উৎসব উদযাপনে বিদ্যালয় কর্তৃপক্ষের নিরন্তর সমর্থন এবং সহযোগিতা অনস্বীকার্য। আমরা হরিণডাঙ্গা উচ্চ বিদ্যালয়ের সমস্ত শিক্ষক ও শিক্ষার্থীদের আমাদের আন্তরিক অভিনন্দন ও কৃতজ্ঞতা জানাই। এই বিদ্যালয়টি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাকে সর্বস্তরের উপযোগি করার অভিপ্রেরণায় প্রতিষ্ঠিত হয়েছিল এবং ৭৫ বছরেরও বেশি সময় ধরে সেই লক্ষ্য পূরণে সাফল্য অব্যাহত রেখেছে। বর্তমানে বিদ্যালয়টি তার প্রতিষ্ঠাতাদের সঙ্কল্পিত লক্ষ্যগুলি যথাযথভাবে সফলতার সাথে বাস্তবায়িত করে চলেছে। তবে এই মহান বিদ্যালয়টি শুধুমাত্র শিক্ষার্থী প্রবেশনের ক্ষেত্রেই নয়, শিক্ষার গুণমান, সমন্বিত শিক্ষা প্রদান, পরিকাঠামো এবং অন্যান্য সুযোগ সুবিধার দিক থেকেও শ্রেষ্ঠত্বের দাবি রায়ে, যা শিক্ষার্থীদের সর্বাত্মক বিকাশকে সহজতর এবং উৎসাহিত করেছে।

আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি যে, ৭৫তম বর্ষের এই স্মারকটি কৃতীদের কৃতিত্বকে যথাযথভাবে প্রতিফলিত করবে এবং শিক্ষক, শিক্ষার্থী এবং কৃতীদের অনুপ্রাণিত করবে। আমরা আগামী বছরগুলোতে হরিণডাঙ্গা উচ্চ বিদ্যালয়ের আরও সুখ্যাতি এবং সর্বস্তরে সমৃদ্ধি কামনা করি।

**অধ্যাপক সুজিত মণ্ডল**
**দেবাশিস রায়**
সম্পাদক, প্লাটিনাম জয়ন্তী উদযাপন কমিটি

# প্লাটিনাম জুবিলী উদ্‌যাপন কমিটি

## উপদেষ্টামণ্ডলী

**সমস্ত জীবিত প্রাক্তন শিক্ষক-শিক্ষিকামণ্ডলী ঃ**

ধ্রুবচরন হালদার, গোপালচন্দ্র গোড়ে, বিশ্বরঞ্জন হালদার, কাশীনাথ হালদার, অমূল্য কুমার রায়, বিশ্বনাথ দাস, জগদীশচন্দ্র রায়, গোপালচন্দ্র ভাণ্ডারী, পাঁচুগোপাল বোধক, মৃত্যুঞ্জয় মণ্ডল, দীপ্তি সাঁতরা, অরুন কুমার সামন্ত, সুনীল কুমার সরদার

**সমস্ত জীবিত প্রাক্তন পরিচালকমণ্ডলী**

**সভাপতি ঃ** ডঃ অসীম কুমার মণ্ডল

**সহ সভাপতি ঃ** গোপাল কয়াল
অসিত কুমার দাস
নির্মাল্য হালদার
পিনাকী চক্রবর্ত্তী
শ্যামল গোড়ে
অজয় মণ্ডল
তন্ময় দে

**সাধারণ সম্পাদক ঃ** ডঃ সুজিত মণ্ডল
দেবাশিস রায়

**সাধারণ সহ সম্পাদক ঃ** সজল রায় (সাধারণ বিভাগ)
পীযুষ মণ্ডল (আর্থিক বিভাগ)
নন্দিনী চানক (সাংস্কৃতিক বিভাগ)
রামতনু সাঁতরা (স্মারকগ্রন্থ বিভাগ)
রমেশ হালদার (অভ্যর্থনা বিভাগ)
আলিহোসেন মোল্লা (আপ্যায়ন বিভাগ)
অশেষ হালদার (মণ্ডপ অলঙ্করণ বিভাগ)

**সহ সম্পাদক ঃ**

| ক্রমিক নং | বিভাগ | নাম |
|---|---|---|
| ১. | আমন্ত্রণ, অভ্যর্থনা ও সংবর্ধনা | ক) কার্তিকচন্দ্র মণ্ডল |
| | | খ) প্রদীপ হালদার |
| ২. | আর্থিক ও সমন্বয় . | ক) প্রদ্যুৎ হালদার |
| | | খ) সত্যজিৎ মান্না |
| ৩. | মণ্ডপসজ্জা অলঙ্করণ ও | ক) অর্পন কাঁটাল |
| | আন্তঃবিদ্যালয় প্রতিযোগিতা | খ) সন্দীপ নস্কর |
| ৪. | আপ্যায়ন | ক) অমিতাভ রায় |
| | | খ) অভিষেক হালদার |
| ৫. | সাংস্কৃতিক ও ডকুমেন্টারি ফিল্ম | ক) সুস্মিতা শীল |
| | | খ) সোনিয়া সরকার |
| ৬. | স্মারকগ্রন্থ | ক) সীনা নস্কর |
| | | খ) কৌশিক মিথিয়া |

**কার্য নির্বাহী কমিটির সদস্য-সদস্যাবৃন্দ ঃ**

| | | | |
|---|---|---|---|
| চন্দন রায় | আব্দুল আলিম মোল্লা | অনিন্দ্য হালদার | অশোক কাঞ্জী |
| ধ্রুবগোপাল হালদার | ক্ষীতিশ হালদার | অরূপ হালদার | অরুন হালদার |
| চিরঞ্জীব হালদার | লাবনী হালদার | ময়ূখ কোটাল | প্রশান্ত হালদার |
| রুনু হালদার | শান্তনু পালুই | শুভ্রা দেউটি | স্বরূপ কয়াল |
| দীনবন্ধু হালদার | স্বপন কুমার হালদার | কল্পনা মণ্ডল | শুভেন্দু ঘোষ |
| অসিত কুমার পাত্র | প্রসেনজিৎ রায় | সুপর্ণা দাস | তাপস কুমার বাগ |
| বিশ্বরঞ্জন পাল | শ্যামলী রায় | বিপ্লব প্রামানিক | শুভেন্দু মণ্ডল |
| বিনয় কুমার দলুই | সুচিত্রা সরদার | সরস্বতী সরেন | মনিকা ভদ্র |
| সুজাতা মুখার্জী | টুসি মণ্ডল | অনিরুদ্ধ মণ্ডল | নবেন্দু মণ্ডল |
| প্রিয়াঙ্কা হালদার | মলয় হালদার | সুভাষ ভাণ্ডারী | রাকিবুর হোসেন মোল্লা |
| কস্তুরী দাস | নিমাই সরদার | শ্যামল গুড়িয়া | সুমনা পাল |
| সঞ্জীব কুমার ঘোষ | সুদীপ্তা জানা | তিমির বরন মণ্ডল | জুলেখা আখতার |
| সুজিত কুমার রায় | পাপিয়া রায় | অনামিকা সাঁতরা | লাবনী বৈদ্য |
| দেবাশীষ মিস্ত্রী | শেফালী মণ্ডল | ইন্দ্রানী বৈতালিক | চামেলি মণ্ডল |
| চিরঞ্জীৎ হালদার | | | |

## সাব-কমিটির সদস্য-সদস্যাবৃন্দ

**আমন্ত্রণ, অভ্যর্থনা ও সংবর্ধনা বিভাগের সদস্য-সদস্যাবৃন্দ ঃ**

| | | |
|---|---|---|
| অসিত কুমার পাত্র | প্রসেনজিৎ রায় | বিপ্লব পরামানিক |
| শ্যামলী রায় | সুচিত্রা সরদার | রাকিবুল হোসেন মোল্লা |
| সুজিত কুমার রায় | অনামিকা সাঁতরা | শেফালী মণ্ডল |
| সুস্মিতা মণ্ডল | সুদীপ্তা মণ্ডল | অনাথ মণ্ডল |
| অরুন ভাণ্ডারী | পীযুষ মাল | মৌমিতা রায় |
| দিবাকর হালদার | সুদীন রায় | গোপাল ঘোষ |
| সুব্রত হালদার | মহাদেব মণ্ডল | প্রলয় নস্কর |
| ত্রিলোচন দাস | অসিত দাস | পার্থ চাউলে |
| সুজিত সামন্ত | সুকান্ত মণ্ডল | সুজিত বিশ্বাস |

**আর্থিক ও সমন্বয় বিভাগের সদস্য-সদস্যাবৃন্দ ঃ**

| | | |
|---|---|---|
| তাপস কুমার বাগ | শুভেন্দু মণ্ডল | নবেন্দু মণ্ডল |
| তিমির বরণ মণ্ডল | লাবনী বৈদ্য | দেবপ্রসাদ সামন্ত |
| কৃষ্ণেন্দু মণ্ডল | মিজানুর রহমান মোল্লা | বলরাম মণ্ডল |
| শুভাশিস নস্কর | সুমন গোড়ে | পার্থ ভাণ্ডারী |
| ইয়াসিন পাইক | দাইয়ান পাইক | মিহির হালদার |
| অনির্বান রায় | দীপঙ্কর রায় | অরুন মণ্ডল |
| মোহিত মণ্ডল | | |

**মণ্ডপসজ্জা, অলঙ্করণ ও আন্তঃবিদ্যালয় প্রতিযোগিতা বিভাগের সদস্য-সদস্যাবৃন্দ ঃ**

| | | |
|---|---|---|
| শুভেন্দু ঘোষ | নিমাই সরদার | বিশ্বরঞ্জন পাল |
| অনিরুদ্ধ মণ্ডল | সঞ্জীব কুমার ঘোষ | ইন্দ্রানী বৈতালিক |
| চিরঞ্জিত হালদার | সৌম্যদীপ সরদার | অঙ্কিতা ব্যানার্জী |
| সৌজন্য ভাণ্ডারী | সপ্তয়িতা ঘোষ | সৌম্যজিৎ খান |
| দেবব্রত গায়েন | দিলীপ মণ্ডল | অভিজিত হালদার |
| শ্যামল নিয়োগী | গোবিন্দ হালদার | দিবাকর হালদার |
| প্রতাপ হালদার | সুনীল সামন্ত | মৃন্ময় হালদার |
| তানিশা নস্কর | কুহেলী দাস | বিকেন্দ্রনাথ গরাই |
| গৌতম দাস | | |

**আপ্যায়ন বিভাগের সদস্য-সদস্যাবৃন্দ ঃ**

শ্যামল গুড়িয়া
সুমনা পাল
টুসি মণ্ডল
প্রসেনজিৎ ঘোষ
রাহুল রায়
স্বাতী হালদার
তন্ময় দাস
তড়িৎ দাস
সুবীর হালদার
সুভাষ ভাণ্ডারী
কস্তুরী দাস
অশোক ভাণ্ডারী
অভীক দেবনাথ
সায়ন কয়াল
মৌসুমী মণ্ডল (উঃ মাধ্যমিক ২০১৫)
অজয় হালদার
স্বরূপ হালদার
মলয় হালদার
দেবাশীষ মিস্ত্রী
রাঘব রায়
হাসান মোল্লা
সৌম্য দে
পলাশ মণ্ডল
সৈকত হালদার
সপ্তর্ষি সিকদার

**সাংস্কৃতিক ও ডকুমেন্টারি ফিল্ম বিভাগের সদস্য-সদস্যাবৃন্দ ঃ**

কল্পনা মণ্ডল
প্রিয়াঙ্কা হালদার
প্রীতি নস্কর
অর্পিতা করাতি
চয়ন কয়াল
ঈশিতা মণ্ডল
কেয়া সামন্ত
বিপাশা কাঞ্জী
সুদীপ মুখার্জী
অনীক চ্যাটার্জী
নিবেদিতা দাস
সুপর্ণা দাস
পাপিয়া রায়
সৌমিত্র নস্কর
সৃজনী কোটাল
প্রতীক পালুই
অগ্নিভ পাণ্ডা
সারদা কোটাল
পুবালি কাঞ্জী
চন্দ্রামনি হালদার
সহদেব গোড়ে
সুজাতা মুখার্জী
চামেলী মণ্ডল
শ্রেয়া নস্কর
রিমা ঘোষ
পৌলমী মণ্ডল
শর্মিষ্ঠা কোলে
বিদিশা কাঞ্জী
ঋষভ চক্রবর্ত্তী
মিতালী মণ্ডল
মৈনাক চক্রবর্তী (মাধ্যমিক ২০০৪)

**স্মারকগ্রন্থ বিভাগের সদস্য-সদস্যাবৃন্দ ঃ-**

মনিকা ভদ্র
জুলেখা আখতার
স্বাতী হালদার
সৌমিক বোধক
মৌমিতা নস্কর
বিনয় দলুই
মনিষা হালদার
সমীর ভাণ্ডারী
সুকান্ত মণ্ডল
দেবকী নস্কর
সরস্বতী সরেন
পারমিতা হালদার
নাহিদা খাতুন
অন্বেষা মণ্ডল
বিবেক বাহাদুর শ্রেষ্ঠ

## বর্তমান বিদ্যালয়ের পরিচালন সমিতি

| | | | |
|---|---|---|---|
| ১. | গোপাল কয়াল | - | সভাপতি, সরকার মনোনীত |
| ২. | ডঃ অসীম কুমার মণ্ডল | - | সম্পাদক ও প্রধান শিক্ষক |
| ৩. | চন্দন রায় | - | শিক্ষানুরাগী সদস্য, সরকার মনোনীত |
| ৪. | আব্দুল আলিম মোল্লা | - | শিক্ষানুরাগী সদস্য, সরকার মনোনীত |
| ৫. | অশোক কাঞ্জি | - | অভিভাবক সদস্য |
| ৬. | অনিন্দ হালদার | - | অভিভাবক সদস্য |
| ৭. | শুভেন্দু ঘোষ | - | শিক্ষক প্রতিনিধি |
| ৮. | প্রসেনজিৎ রায় | - | শিক্ষক প্রতিনিধি |
| ৯. | অর্পন কাঁটাল | - | শিক্ষিক প্রতিনিধি |
| ১০. | লাবনী বৈদ্য | - | শিক্ষাকর্মী প্রতিনিধি |
| ১১. | সাব্ ইনস্পেক্টর অব স্কুলস্ (ফলতা চক্র) | - | সরকারী প্রতিনিধি |
| ১২. | ব্লক স্বাস্থ্য আধিকারিক | - | সরকারী প্রতিনিধি |
| ১৩. | অসিত কুমার দাশ | - | আজীবন সদস্য |

<u>স্টাফ কাউন্সিল সম্পাদক</u> ঃ অসিত কুমার পাত্র

<u>অ্যাকাডেমিক কাউন্সিলের সদস্যবৃন্দ</u> ঃ- ১. তাপস বাগ ২. তিমির বরণ মণ্ডল ৩. নবেন্দু মণ্ডল

## হরিণডাঙ্গা উচ্চ বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা-শিক্ষাকর্মীবৃন্দ

| | | | | |
|---|---|---|---|---|
| ১. | ডঃ অসীম কুমার মণ্ডল | - | বি.এস-সি. (অনার্স), এম.এস-সি. (বিশুদ্ধ গণিত), বি.এড., পি.এইচ.ডি. | প্রধান শিক্ষক |
| ২. | নির্মাল্য হালদার | - | বি.এস-সি. (অনার্স), এম.এস-সি. (রসায়ন), বি.এড. | সহঃ প্রধান শিক্ষক |

*ভাষা বিভাগ* ঃ-

| | | | | |
|---|---|---|---|---|
| ১. | অসিত কুমার পাত্র | - | বি.এ. (অনার্স) এম.এ. (ইংরাজী), বি.এড. | সহঃ শিক্ষক |
| ২. | প্রসেনজিৎ রায় | - | বি.এ. (অনার্স) এম.এ. (ইংরাজী), বি.এড. | সহঃ শিক্ষক |
| ৩. | সুপর্ণা দাস | - | এম.এ. (ইংরাজী), সিনিয়র ডিপ.ইন.মিউজিক, বি.এড. | সহঃ শিক্ষিকা |
| ৪. | বিনয় কুমার দলুই | - | বি.এ. (অনার্স), এম.এ. (বাংলা), বি.এড. | সহঃ শিক্ষক |
| ৫. | সুচিত্রা সরদার | - | বি.এ. (অনার্স), এম.এ. (ইংরাজী), বি.এড. | সহঃ শিক্ষিকা |
| ৬. | সীনা নস্কর | - | বি.এ. (অনার্স), এম.এ. (বাংলা), বি.এড. | সহঃ শিক্ষিকা |
| ৭. | অর্পন কাঁটাল | - | বি.এ. (অনার্স), এম.এ. (ইংরাজী), বি.এড. | সহ শিক্ষক |
| ৮. | সরস্বতী সরেন | - | বি.এ. (অনার্স), এম.এ. (বাংলা), বি.এড. | সহঃ শিক্ষিকা |
| ৯. | টুসি মণ্ডল | - | বি.এ. (অনার্স), এম.এ. (বাংলা), বি.এড. | সহঃ শিক্ষিকা |
| ১০. | মনিকা ভদ্র | - | বি.এ. (অনার্স), এম.এ. (সংস্কৃত), এম.ফিল., বি.এড. | সহঃ শিক্ষিকা |
| ১১. | সুজাতা মুখার্জী | - | বি.এ. (অনার্স), এম.এ. (সংস্কৃত), বি.এড. | সহঃ শিক্ষিকা |
| ১২. | চামেলী মণ্ডল | - | বি.এ. (অনার্স), এম.এ. (বাংলা), বি.এড. | সহঃ শিক্ষিকা |

*বিজ্ঞান বিভাগ* ঃ-

| | | | |
|---|---|---|---|
| ১. | তাপস কুমার বাগ | - বি.এস-সি. (অনার্স), এম.এস-সি. (বিশুদ্ধ গণিত), বি.এড. | সহঃ শিক্ষক |
| ২. | অমিতাভ রায় | - বি.এস-সি. (অনার্স), এম.এস-সি. (পদার্থবিদ্যা), বি.এড. | সহঃ শিক্ষক |
| ৩. | দেবাশিস রায় | - বি.এস-সি. (অনার্স), এম.এস-সি. (বিশুদ্ধ গণিত), বি.এড. | সহঃ শিক্ষক |
| ৪. | শুভেন্দু মণ্ডল | - বি.এস-সি. (অনার্স - পদার্থবিদ্যা), বি.এড. | সহঃ শিক্ষক |
| ৫. | অনিরুদ্ধ মণ্ডল | - বি.এস-সি. (অনার্স), এম.এস-সি. (রসায়ন), বি.এড. | সহঃ শিক্ষক |
| ৬. | নবেন্দু মণ্ডল | - বি.এস-সি. (জীববিদ্যা), বি.এড. | সহঃ শিক্ষক |
| ৭. | প্রিয়াঙ্কা হালদার | - এম.এস-সি. (গণিত), বি.এড. | সহঃ শিক্ষিকা |
| ৮. | মলয় হালদার | - বি.এস-সি. (অনার্স), এম.এস-সি. (রসায়ন), বি.এড. | সহঃ শিক্ষক |
| ৯. | সুভাষ ভাণ্ডারী | - বি.এস-সি. (অনার্স), এম.এস-সি. (পদার্থবিদ্যা), বি.এড. | সহঃ শিক্ষক |
| ১০. | রাকিবুর হোসেন মোল্লা | - বি.এস-সি. (অনার্স), এম.এস-সি (পদার্থবিদ্যা), বি.এড. | সহঃ শিক্ষক |
| ১১. | দেবাশিস মিস্ত্রী | - বি.এস-সি. (অনার্স) (গণিত), বি.এড. | সহঃ শিক্ষক |

১২., ১৩., ১৪. শূন্যপদ (জীববিদ্যা)    ১৫., ১৬. শূন্যপদ (পিওর সায়েন্স)

*সমাজ বিজ্ঞান বিভাগ* ঃ-

| | | | |
|---|---|---|---|
| ১. | বিশ্বরঞ্জন পাল | - বি.এ. (অনার্স) এম.এ. (শিক্ষাবিজ্ঞান), বি.এড. | সহঃ শিক্ষক |
| ২. | কার্ত্তিক চন্দ্র মণ্ডল | - বি.কম. (অনার্স), এম.কম., বি.এড. | সহঃ শিক্ষক |
| ৩. | শ্যামলী রায় | - বি.এ. (অনার্স), এম.এ. (রাষ্ট্রবিজ্ঞান), বি.এড. | সহঃ শিক্ষিকা |
| ৪. | বিপ্লব পরামানিক | - বি.এ. (অনার্স), এম.এ. (ভূগোল), বি.এড. | সহঃ শিক্ষক |
| ৫. | কস্তুরী দাস | - বি.এ. (অনার্স), এম.এ. (ইতিহাস), বি.এড. | সহঃ শিক্ষিকা |
| ৬. | নিমাই সরদার | - বি.এ. (অনার্স) এম.এ. (ভূগোল), বি.এড. | সহঃ শিক্ষক |
| ৭. | শ্যামল গুড়িয়া | - বি.এ. (অনার্স), এম.এ. (দর্শন), বি.এড. | সহঃ শিক্ষক |
| ৮. | সুমনা পাল | - বি.এ. (অনার্স), এম.এ. (ভূগোল), বি.এড. | সহঃ শিক্ষিকা |
| ৯. | সঞ্জীব কুমার ঘোষ | - বি.এ. (অনার্স), এম.এ. (রাষ্ট্রবিজ্ঞান), বি.এড. | সহঃ শিক্ষক |
| ১০. | প্রদ্যোৎ হালদার | - বি.এ. (অনার্স), এম.এ. (ইতিহাস), বি.এড. | সহঃ শিক্ষক |
| ১১. | তিমির বরণ মণ্ডল | - বি.এ. (অনার্স), এম.এ. (ইতিহাস), বি.এড. | সহঃ শিক্ষক |
| ১২. | সুস্মিতা শীল | - বি.এ. (অনার্স), এম.এ. (মিউজিক), বি.এড. | সহঃ শিক্ষিকা |
| ১৩. | শেফালী মণ্ডল | - বি.কম. (অনার্স), এম.কম., বি.এড. | সহঃ শিক্ষিকা |
| ১৪. | ইন্দ্রানী বৈতালিক | - বি.এস-সি. (অনার্স), এম.এস-সি. (কম্পিউটার সায়েন্স), বি.এড. | সহঃ শিক্ষিকা |
| ১৫. | শূন্যপদ (কমার্স) | | |

*কর্মশিক্ষা ও শারীর শিক্ষা বিভাগ* ঃ-

| | | | |
|---|---|---|---|
| ১. | কল্পনা মণ্ডল (কাঞ্জি) | - বি.এস-সি. (বায়ো সায়েন্স), বি.এড. | সহঃ শিক্ষিকা |
| ২. | শুভেন্দু ঘোষ | - বি.কম., বি.পি.এড., এম.পি.এড., এন.এস.এন.আই.এস. | সহঃ শিক্ষক |

*প্যারাটিচার* ঃ-

| | | | |
|---|---|---|---|
| ১. | সৈয়েদা জুলেখা আখতার | - বি.এ. (ইংরাজী), এম.এ., ডি.এল.এড. | সহঃ শিক্ষিকা |
| ২. | সুজিত কুমার রায় | - বি.এস-সি. (অনার্স - অঙ্ক), পি.ডি.সি.এ. (W.B.S.C.T.E.), ডি.এল.এড. | সহঃ শিক্ষক |
| ৩. | পাপিয়া রায় | - বি.এ. (ভূগোল), এম.এ., ডি.এল.এড. | সহঃ শিক্ষিকা |
| ৪. | অনামিকা সাঁতরা | - বি.এ. (অনার্স), এম.এ. (ইতিহাস), ডি.এল.এড. | সহঃ শিক্ষিকা |

*শিক্ষাকর্মী* ঃ-

| | | |
|---|---|---|
| ১. | মিনাক্ষী পট্টনায়ক | - বি.এ. (করণিক) |
| ২. | লাবনী বৈদ্য | - এম.এ. (ইংরাজী), |

৩, ৪, ৫, ৬ - শূন্যপদ

# প্লাটিনাম জয়ন্তী উদ্‌যাপনের দিনগুলি

ডঃ অসীম কুমার মণ্ডল
প্রধান শিক্ষক

সবেমাত্র দেশ স্বাধীন হয়েছে। ফলতা এলাকায় পড়াশোনার চল সেভাবে শুরু হয়নি। অথচ পড়াশোনার প্রতি আগ্রহ বাড়ছে জনসাধারণের মধ্যে। দেশের স্বাধীনতা প্রাপ্তির বছর ১৯৪৭ সালের ৭ই ডিসেম্বর এক সাধারণ সভা অনুষ্ঠিত হল। ২রা জানুয়ারী ১৯৪৮ সালে পথচলা শুরু হল হরিণডাঙ্গা স্কুলের। ১৯৫৩ সালে ১লা জানুয়ারী তারিখে ২ ক্লাস জুনিয়র হাই স্কুল হিসাবে সরকারী অনুমোদন পাওয়া গেল। ১লা জানুয়ারী ১৯৬৪ সালে ৪ ক্লাস জুনিয়র হাই স্কুলের অনুমোদন মিলল। ১৯৬৯ সালের ১লা জানুয়ারী তারিখে স্কুল ফাইনাল অনুমোদিত হল। ১লা জানুয়ারী ১৯৭৪ তে নতুন মাধ্যমিকের অনুমোদন। ২৩শে জুন ১৯৯৮ তে উচ্চমাধ্যমিক কলা বিভাগের অনুমোদন। পরে ২০০১ (০৩.০২.২০০১) সালে বিজ্ঞান এবং ২০০৩ (০৭.০৫.২০০৩) সালে বাণিজ্য বিভাগের অনুমতি পাওয়া গেল। এই দীর্ঘ পথ চলা। আশির দশকের একেবারে প্রথম থেকে রেজাল্ট ভালো হওয়া শুরু। পাল্লা দিয়ে ছাত্র ছাত্রীর সংখ্যা বেড়ে চলে। বর্তমানে উচ্চমাধ্যমিক কলা, বিজ্ঞান ও বাণিজ্য বিভাগ নিয়ে মোট ২১টি বিষয় আমরা পড়াই। মোট ছাত্রছাত্রীর সংখ্যা আড়াই হাজারেরও বেশী। বিদ্যালয় থেকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশ করে বেরিয়েছে এমন ছাত্রছাত্রীর সংখ্যা বারো হাজারেরও বেশী। তারা বিভিন্ন দিকে সফল। ডাক্তার, ইঞ্জিনিয়ার, অধ্যাপক, গবেষক, শিক্ষক, ব্যবসায়ী হিসাবে তারা প্রতিষ্ঠিত এবং সারা বিশ্বে তারা ছড়িয়ে আছেন। প্রধান শিক্ষক মহাশয়দের আশাও ছন্দ মেলে। প্রথম থেকে ধ্রুবচরণ হালদার মহাশয় মাধ্যমিক হওয়া পর্যন্ত। মাধ্যমিক হওয়ার পর থেকে কানাইলাল মণ্ডল মহাশয় উচ্চমাধ্যমিক হওয়া পর্যন্ত। উচ্চমাধ্যমিক হওয়ার পরপরই আমার আসা ২০০১ সালের ৫ই ডিসেম্বর তারিখে।

হরিণডাঙ্গা হাইস্কুল ফলতা তথা দক্ষিণ ২৪ পরগণা জেলার এক ঐতিহ্যশালী শিক্ষা প্রতিষ্ঠান। তাই এই প্রতিষ্ঠান শুধু আমাদের কাছে নয় সমস্ত ফলতাবাসীর কাছে বড়ো আদরের বড়ো গর্বের। সেই প্রাচীনতা, শিক্ষা সংস্কৃতির বৈভব, পঠন পাঠনের সুমহান ঐতিহ্য ও অনন্য স্মৃতি পাথেয় করে প্লাটিনাম জয়ন্তী বর্ষ উদ্‌যাপন। উদ্‌যাপন ক্ষণস্থায়ী হলেও উদ্‌যাপনে মিশে থাকে অতীত ও বর্তমান। সৃষ্টি হয় আগামীর মোহনা। মোহনা হল সেই নিমন্ত্রণ যা কোন ভেদ মানে না কোনো প্রত্যাখ্যান নেই বরং নির্মাণ করে সংযোগের নবস্রোত। তাই অতীতের স্মরণভূমিতে বিচরণ করে বর্তমানের মাটিতে পা রেখে আমরা এগিয়ে চলতে চাই আগামীর পথে। সেই ভাবনাকে সাথী করে ২০২২ সাল জুড়ে আমরা উদ্‌যাপন করেছি নানাভাবে।

**উদ্বোধন :-**

২রা জানুয়ারী ২০২২ সালে হরিণডাঙ্গা হাই স্কুলের ৭৫তম প্রতিষ্ঠা দিবসে বর্ষব্যাপী প্লাটিনাম জয়ন্তী উদ্‌যাপনের শুভ সূচনা করলেন রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু মহাশয়। প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ডায়মণ্ড হারবার মহিলা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অনুরাধা মুখোপাধ্যায়। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ফকিরচাঁদ কলেজের অধ্যক্ষ সোমেন চন্দ, সাধনচন্দ্র মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ফজলুল হক, ডায়মণ্ড হারবার মহিলা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক সুজিত মণ্ডল। উদ্বোধন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রথম প্রধান শিক্ষক ধ্রুবচরণ হালদার মহাশয়।

বাদ্যযন্ত্রসহ ঈশোপনিষদের নিম্নোক্ত শ্লোক গেয়ে অতিথিদের বরণ করা হয়।

'ওম্ পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণমুদচ্যতে
পূর্ণস্য পূর্ণমাদায় পূর্ণমেবাবশিষ্যতে।
ওম্ শান্তিঃ শান্তিঃ শান্তিঃ।।

ঈশ্বর পরমাত্মা পূর্ণব্রহ্ম সনাতন। তিনি নিরাকার অসীম ও সৃষ্টির কারণ। এই রূপময় বস্তুজগৎ তাতেও তিনি পূর্ণরূপে পরিব্যাপ্ত। পরম ব্রহ্ম থেকেই সৃষ্ট জগতের সম্পূর্ণতাও সম্ভব হয়েছে। তিনি অক্ষয় ব্রহ্ম, তিনি সর্বদাই পরিপূর্ণ। পূর্ণ ব্রহ্মের যোগ বিয়োগ বলে কিছুই হয় না।

তিনি আমাদের আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক সর্বপ্রকার শান্তি বা কল্যান বিধান করুন।

শিক্ষামন্ত্রী আমাদের স্কুল প্রেমিসেস ঘুরে দেখেন। আর্ট গ্যালারির খুব প্রশংসা করেন। বলেন স্কুলের ছেলেরা এঁকেছে তাও এমনি ছবি নয়, ছবিগুলোর একটা অর্থ আছে। আমাদের প্রবীর মুক্ত মঞ্চেরও প্রশংসা করেন।

দ্বিতীয় পর্যায়ে আমাদের প্রাক্তন শিক্ষক এবং প্রাক্তন ছাত্রছাত্রীদের সম্বর্ধনা দেওয়া হয়। আমাদের প্রাক্তন ছাত্রছাত্রীরা বৃন্দগান পরিবেশন করেন। 'ব্যর্থ প্রাণের আবর্জনা পুড়িয়ে ফেলে' থেকে শুরু করে আগামীর আশা 'ঐ উজ্জ্বল দিন ডাকে স্বপ্ন রঙিন' ইত্যাদি নানা গানের ডালি নিয়ে। অংশগ্রহন করেন নন্দিনী নিয়োগী, সীনা মাইতি, কল্পনা মণ্ডল, সহদেব গোড়ে, ফিরোজ হোসেন মোল্লা, প্রশান্ত কয়াল, পাপিয়া রায়, রমা ঘোষ, সৌমি দাস, সোনিয়া নস্কর, চম্পা দাস, লাবনী বৈদ্য প্রমুখ। এরপর আমাদের ছাত্রছাত্রীদের সাংস্কৃতিক অনুষ্ঠান শুরু হয় পুরানো দিনের বাংলা গান দিয়ে। তাদের গাওয়া 'কফি হাউসের সেই আড্ডাটা', 'অলির কথা শুনে বকুল হাসে', 'চিরদিনই তুমি যে আমার', 'কমলা নৃত্য করে থমকিয়া থমকিয়া' গানগুলো দর্শকদের মোহিত করে দেয়। এরপর তারা ধ্রুপদী সঙ্গীত, লোকগীতি, লঘু উচ্চাঙ্গ সঙ্গীত, রবীন্দ্র সঙ্গীত, কীর্তন অঙ্গের গান, দেশাত্মবোধক গান, ভক্তিগীতি, বৈদিক মন্ত্রপাঠ সহযোগে অভ্যর্থনা সঙ্গীত, যন্ত্র সঙ্গীত, সমবেত বাদ্যযন্ত্র ইত্যাদি পরিবেশন করে। অংশগ্রহণে দীপ্সা হালদার, রিয়া সাঁতরা, অঙ্কিতা সরকার, কোয়েল নস্কর, ঐশী নস্কর, পুষ্পিতা সিমলাই, কঙ্কনা কয়াল, সমাপ্তি চক্রবর্তী, স্নেহা মিদ্দে, দিপপিয়া দে, আইভি চক্রবর্তী, রাত্রি দাস, রিয়া মণ্ডল, মহিমা ঘোষ, শ্রেয়া হালদার, সৌমিলী হালদার, পর্ণশ্রী কয়াল, স্নেহা দে, ঈশানী মোদক, সৃজিতা হালদার, লাবনী হালদার, রিয়া ঘোষ, গার্গী সাঁফুই, দীপাঞ্জন ঘোষ, সৌমিক মণ্ডল, রৌনক হাসান, সৌমদীপ হালদার, প্রলয় মণ্ডল, বিদেশ হালদার, অর্ঘ্যপ্রতিম দাস, প্রীতম হাইত, দিব্যেন্দু হালদার, সায়ন চ্যাটার্জী, অগ্নিভ পাণ্ডা, প্রিয়ম কয়াল, বর্ষন নস্কর, রাধারমন ঘোষ, কৃষ্ণেন্দু হালদার, কর্ণ মণ্ডল ও শ্রেয়া মণ্ডল।

নাচের বিষয়গুলো ছিল পুরানো দিনের নাচ, ধ্রুপদী, সেমি ক্ল্যাসিকাল, লোকনৃত্য, দেশাত্মবোধক, ফিউশন ইত্যাদি।

অংশগ্রহন করেছে শিল্পা কুমার, সোহিনী মাল, শ্রেয়সী হালদার, কামিনীকাঞ্চন মোদক, বিনতা মণ্ডল, সুবর্ণা ভট্টাচার্য, কেয়া প্রামানিক, মৃত্তিকা কয়াল, উর্মি মণ্ডল, সঞ্জনা মণ্ডল, অভীপ্সা ঘোষ, সৌমিলি ঘোষ, সৃজা হালদার, তিয়াসা নস্কর, মনীপ মণ্ডল, নবনীতা সরদার, সূচনা দাস, তুহিনা খাতুন, খুশি খাতুন, আহেলি সাউ, কোয়েল হালদার,

অনিকেত মণ্ডল, প্রিয়ম পালুই, সালোনি সাউ, অহনা সরদার, ডোরিনা মণ্ডল, নয়নিকা খামারু, পূর্ণা মণ্ডল, স্নেহা মণ্ডল, মোনালিসা মণ্ডল, বৃষ্টি মণ্ডল, অঙ্কনা হালদার, পারমিতা বেরা, সৌমি হালদার, সঞ্চিতা রায়, ধ্রুবাঙ্গী হালদার, অদিতি মাজি, পৌলমি কাঞ্জি, সুদীপ মারিক, ঋষভ মণ্ডল।

প্রাক্তন ছাত্রছাত্রী চয়ন কয়াল, প্রতীক পালুই, সুমন ভাণ্ডারী, অর্পন সিংহ, রামকৃষ্ণ দাস, দেবার্ঘ্য দাস, ইশিতা মণ্ডল, সুতপা মণ্ডল, পুষ্পিতা মণ্ডল, বিপাশা কাঞ্জী, বিদিশা কাঞ্জী, সৌরিক্তা কয়াল, পূবালী কাঞ্জী, লক্ষ্মীরানী মান্না, বিদেশ মণ্ডল।

প্রাক্তন ও বর্তমান ছাত্রীদের সাথে শিক্ষিকা সুপর্ণা দাসের নৃত্য পরিবেশনা 'সমারোহে এসো হে' সবাইকে অবাক করেছে।

আমাদের বর্তমান এবং সদ্য প্রাক্তন ছাত্রছাত্রীরা এইসব পরিবেশনা সারা বছর করেছে। উদ্বোধন অনুষ্ঠান, সমাপ্তি অনুষ্ঠান ছাড়াও যখন যে প্রতিযোগিতা হয়েছে প্রত্যেক ক্ষেত্রে পুরস্কার বিতরণের আগে তারা নৃত্য, গীত পরিবেশন করেছে এবং সবার সমীহ আদায় করেছে। প্রাক্তন ছাত্রছাত্রী এবং দর্শকেরা বলেছেন আপনাদের ছাত্রছাত্রীদের যে পরিবেশনা হচ্ছে বাইরে থেকে অতিথি শিল্পী আনার কোন প্রয়োজনই পড়বে না। প্রাক্তনীদের এই প্রশংসা আমাদের প্রীত করেছে।

আমরা সিদ্ধান্ত নিই যে অনুষ্ঠান সঞ্চালনা করা বিষয়টা ছাত্রছাত্রীদের রপ্ত করাব। শিক্ষিকা পাপিয়া রায়ের পরিচালনায় অনীক চ্যাটার্জী, সামাদ্রিতা হালদার, প্রীতি নস্কর, কিংশুক হালদার এবং শ্রেয়া মণ্ডলরা যা মুন্সিয়ানা দেখিয়েছে হরিণডাঙ্গা হাইস্কুল পরিবারের সবাইয়ের সারাজীবন মনে থাকবে।

করোনা মহামারীর কারণে সরকারী নির্দেশমতো দ্বিতীয় দিনে বাকি সমস্ত অনুষ্ঠান বন্ধ করে দিয়ে কেবলমাত্র অনাদিভূষন সভাগৃহের ভিত্তিপ্রস্তর ভার্চুয়ালি স্থাপন করেন রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অফ কালচারের অধ্যক্ষ স্বামী সুপর্ণানন্দজী মহারাজ। শারীরিকভাবে উপস্থিত ছিলেন সরিষা রামকৃষ্ণ মিশন শিক্ষা মন্দিরের প্রধান শিক্ষক স্বামী দীপ্তেশানন্দজী মহারাজ। স্বামী সুপর্ণানন্দজী মহারাজ সভাগৃহ নির্মাণের কাজে সকল প্রাক্তনীর অংশগ্রহন করার আহ্বান জানান। তিনি আশা করেন যে শুধু সভাগৃহ নির্মাণে নয়, বিদ্যালয়ের নানা প্রয়োজনে ছাত্রছাত্রীরা যেন তাদের মাতৃসম এই বিদ্যালয়ের পাশে থাকেন সহযোগিতা করেন।

**হকি টুর্নামেন্ট ঃ-**

প্লাটিনাম জুবিলী সেলিব্রেশান কাপ হকি টুর্নামেন্ট ২০২২ অনুষ্ঠিত হয় ২৫ এবং ২৬শে মার্চ ২০২২। রাজ্যব্যাপী অনূর্ধ ১৫ বছর বালিকাদের এই টুর্নামেন্টে মোট ৮টি দল অংশগ্রহন করে। আমাদের এলাকায় অর্থাৎ ফলতা ডায়মণ্ড হারবারে হকি খেলার প্রথম টুর্নামেন্ট। প্রচুর মানুষ উপভোগ করেন। হকি বেঙ্গল নানাভাবে আমাদের সহযোগিতা করেন। মাঠ প্রস্তুতি, আম্পায়ার, ধারাভাষ্যকার ইত্যাদি সমস্তরকম সাপোর্ট দিয়ে তারা আমাদের পাশে দাঁড়ান। মাত্র কয়েক বছর আমাদের স্কুলে খেলাটা শুরু করেছি। আমরা চেয়েছি আমাদের ছাত্রছাত্রীদের মধ্যে খেলাটা ছড়িয়ে যাক। তারা নিয়মকানুন ভালো করে জানুক শিখুক। এই উৎসাহ, উদ্দীপনা প্রতিযোগিতার মধ্য দিয়ে সেলিব্রেশানও হল।

সারা রাজ্যের মোট ৮টি স্কুল এই প্রতিযোগিতায় অংশগ্রহন করে। A গ্রুপের চারটি দল (১ থেকে ৪) এবং B গ্রুপের চারটি দল (৫ থেকে ৮) নিজেদের মধ্যে লিগ খেলে। অংশগ্রহনকারী দলগুলো ঃ-

১. বামুনারী হাই স্কুল, উত্তর ২৪ পরগণা
২. দুরিয়া মাধ্যমিক শিক্ষাকেন্দ্র, পশ্চিম মেদিনীপুর
৩. পানিহাটী উচ্চ বালিকা বিদ্যালয়, উত্তর ২৪ পরগণা
৪. হরিণডাঙ্গা হাই স্কুল, দক্ষিণ ২৪ পরগণা
৫. ঝাপানডাঙ্গা সাবিত্রীদেবী বালিকা বিদ্যালয়, পূর্ব বর্ধমান
৬. ডি.এম.বি. গার্লস স্কুল, হাওড়া
৭. মল্লিকপুর গার্লস হাই স্কুল, দক্ষিণ ২৪ পরগণা
৮. রিষড়া বিদ্যাপীঠ গার্লস হাই স্কুল, হুগলী

A গ্রুপের চ্যাম্পিয়ন বামুনারী হাই স্কুলের সঙ্গে B গ্রুপের রানার্স ডি.এম.বি. গার্লস স্কুলের মধ্যে প্রথম সেমি ফাইনালে বামুনারী হাই স্কুল বিজয়ী হয়। দ্বিতীয় সেমি ফাইনালে B গ্রুপের চ্যাম্পিয়ন মল্লিকপুর গার্লস হাই স্কুলের সঙ্গে A গ্রুপের রানার্স হরিণডাঙ্গা হাই স্কুলের খেলায় মল্লিকপুর গার্লস স্কুল বিজয়ী হয়। ফাইনালে প্রতিদ্বন্দ্বিতা হয় মল্লিকপুর গার্লসের সঙ্গে বামুনারী গার্লস হাই স্কুলের। মল্লিকপুর গার্লস হাই স্কুল চ্যাম্পিয়ন হয়। প্রসঙ্গতঃ উল্লেখ্য এই মল্লিকপুর গার্লস হাই স্কুল দল নেহেরু কাপ হকির রাজ্য চ্যাম্পিয়ন দল।

**পুরো ফলাফল ঃ-**

চ্যাম্পিয়ান ঃ মল্লিকপুর গার্লস হাই স্কুল, দক্ষিণ ২৪ পরগণা
রানার্স আপ ঃ বামুনারী গার্লস হাই স্কুল, উত্তর ২৪ পরগণা
তৃতীয় স্থান ঃ ডি.এম.বি. গার্লস, বাগনান হাওড়া
চতুর্থ স্থান ঃ হরিণডাঙ্গা হাই স্কুল, দক্ষিণ ২৪ পরগণা

**পুরস্কার দাতাদের নাম ঃ-**

| স্থান | পুরস্কারের নাম | পুরস্কার দাতা |
|---|---|---|
| চ্যাম্পিয়ান | সুদেবচন্দ্র মণ্ডল স্মৃতি পুরস্কার | পীযূষ কান্তি মণ্ডল |
| রানার্স | কাননচন্দ্র দাশ স্মৃতি পুরস্কার | অসিত কুমার দাশ |
| তৃতীয় স্থান | বনমালী বর স্মৃতি পুরস্কার | কৌশিক বর |
| চতুর্থ স্থান | নিউলাইট পাবলিশার্স পুরস্কার | মুকুল ঘোষ |

প্রথম সেমিফাইনালের ম্যান অফ দ্য ম্যাচ অনিতা কুমারী রাই, বামুনারী গার্লস হাই স্কুল। দ্বিতীয় সেমিফাইনালের ম্যান অফ দ্য ম্যাচ বর্ষা মণ্ডল, মল্লিকপুর গার্লস হাই। বেস্ট গোলকিপার দিশা নস্কর, ম্যান অফ দ্য ফাইনাল ম্যাচ হয়েছে আনিশা খাতুন, ম্যান অফ দ্য টুর্নামেন্ট তাজমিনা খাতুন এবং বেস্ট স্কোরার হয়েছে বর্ষা মণ্ডল। এরা সবাই মল্লিকপুর গার্লস হাই স্কুলের ছাত্রী।

প্রতিযোগিতার ফাইনাল ম্যাচের আগে বিদ্যালয়ের ছেলেদের মধ্যে একটা একজিবিশন ম্যাচ হয়। ছেলেদের পারফরম্যান্সও সকলের নজর কেড়েছে।

পুরস্কার বিতরণী সভায় উপস্থিত ছিলেন ফলতার বিধায়ক শঙ্কর কুমার নস্কর, ফলতা পঞ্চায়েত সমিতির সহ সভাপতি শ্রীকৃষ্ণ সাহা এবং শিল্প কর্মাধ্যক্ষ আতিকুল্লা মোল্লা মহাশয়। এছাড়াও ছিলেন হকি বেঙ্গলের দুই কর্মকর্তা যুগ্মসচিব ডঃ খালিদ হোসেন এবং সুদীপ কুমার বসু। উপস্থিত ছিলেন বিদ্যালয়ের আজীবন সদস্য অসিত কুমার দাশ, প্রাক্তন ছাত্র পীযুষ মণ্ডল এবং যুগ্ম সম্পাদক ডঃ সুজিত মণ্ডল।

সম্বর্ধনা দেওয়া হয় বিদ্যালয়ের দুই কোচ শম্পা পাল এবং প্রতিমা দাস-কে। সম্বর্ধনা জানানো হয় হকি বেঙ্গলের অ্যাম্পায়ার অয়ন চ্যাটার্জী, অভিমন্যু দাঁ, সুনীতা সাউ, অর্চনা দত্ত, তানিয়া খাতুন এবং কৃষ্ণপদ মণ্ডলদের। বিশেষ সম্বর্ধনা জানানো হয় ধারাভাষ্যকার সুমিত দাঁ মহাশয়কে।

পুরস্কার বিতরণীর শুরুতে আমাদের ছাত্র ছাত্রীদের উদ্বোধনী সঙ্গীত 'যদি তোর ডাক শুনে কেউ না আসে' আলাদা মাত্রা এনে দেয়। ৬ই ফেব্রুয়ারী ২০২২ লতা মঙ্গেশ্বরের প্রয়ান হন তাকে শ্রদ্ধা জানানোর জন্য তার গাওয়া গান 'বন্দে মাতরম' গানটি আমাদের ছাত্রছাত্রীরা পরিবেশন করে। শেষে জাতীয় সঙ্গীত গেয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষনা করা হয়।

প্লাটিনাম জুবিলী বছরকে স্মরণীয় করে রাখার জন্য আমরা হরিণডাঙ্গা হাই স্কুলকে হকি বেঙ্গলে নথিভুক্ত করেছি। এই বছর অর্থাৎ ২০২২ সালে আমাদের মহিলা হকি দল কলকাতা লীগ খেলেছে। খেলা হয়েছে সাই অ্যাস্টো টার্ক হকি গ্রাউণ্ড, সল্টলেক কলকাতাতে। ছেলেদের দল কেবল নক আউট টুর্নামেন্ট খেলেছে।

**ফুটবল টুর্নামেন্ট ঃ-**

প্লাটিনাম জুবিলী সেলিব্রেশন কাপ ফুটবল টুর্নামেন্ট ২০২২ অনুষ্ঠিত হয় ১৩ই এবং ১৪ই সেপ্টেম্বর ২০২২ তারিখে। প্রবল উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে আমাদের বিদ্যালয়ের মাঠে আন্তঃবিদ্যালয় আমন্ত্রণমূলক ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়। আমাদের জেলার ৮টি স্কুলকে আমরা আমন্ত্রণ জানিয়েছিলাম।

১. আর্যপাড়া হাই স্কুল, নোদাখালি
২. বারুইপুর হাই স্কুল, বারুইপুর
৩. বেলসিংহা শিক্ষায়তন, ফলতা
৪. বিষ্ণুপুর শিক্ষাসংঘ, বিষ্ণুপুর
৫. ধবলাট লক্ষ্মণপরবেশ হাই স্কুল, সাগর
৬. ডায়মণ্ড হারবার হাই স্কুল, ডায়মণ্ড হারবার
৭. খানসাহেব আবাদ হাই স্কুল, সাগর
৮. হরিণডাঙ্গা হাই স্কুল, ফলতা

প্রতিযোগিতার উদ্বোধন করেন প্রাক্তন ভারতীয় ফুটবলার অচিন্ত্য বেলেল মহাশয়। উপস্থিত ছিলেন ফলতার আই.সি. অভিজিৎ হাইত মহাশয়।

# প্লাটিনাম জুবিলী সেলিব্রেশান ২০২২

## আন্তঃবিদ্যালয় ফুটবল প্রতিযোগিতা

### ম্যাচের সূচী

**১৩.০৯.২০২২ মঙ্গলবার**

ম্যাচ-১ সকাল ১১টা ৩০ মি.

**ডায়মণ্ড হারবার হাই স্কুল**
**বনাম**
**বেলসিংহা শিক্ষায়তন**

ম্যাচ-২ বেলা ১টা

**বিষ্ণুপুর শিক্ষা সংঘ**
**বনাম**
**আর্যপাড়া হাই স্কুল**

ম্যাচ-৩ বেলা ২টা

**ম্যাচ-১ এর বিজয়ী**
**বনাম**
**ম্যাচ-২ এর বিজয়ী**

**১৪.০৯.২০২২ বুধবার**

ম্যাচ-৪ সকাল ১০টা ৩০ মি.

**হরিণডাঙ্গা হাই স্কুল**
**বনাম**
**ধবলাট লক্ষণ পরবেশ হাই**

ম্যাচ-৫ সকাল ১১টা ৩০ মি.

**বারুইপুর হাই স্কুল**
**বনাম**
**খানসাহেব আবাদ হাই স্কুল**

ম্যাচ-৬ বেলা ১টা ৩০ মি.

**ম্যাচ-৪ এর বিজয়ী**
**বনাম**
**ম্যাচ-৫ এর বিজয়ী**

ফাইনাল ম্যাচ
১৪.০৯.২০২২

**ম্যাচ-৩ এর বিজয়ী**
**বনাম**
**ম্যাচ-৬ এর বিজয়ী**

প্রথম সেমিফাইনালে ডায়মণ্ড হারবার হাই স্কুল মুখোমুখি হয় আর্যপাড়া হাই স্কুলের। আর্যপাড়া হাই স্কুল জয়লাভ করে। দ্বিতীয় সেমিফাইনালে হরিণডাঙ্গা হাই স্কুল মুখোমুখি হয় খানসাহেব আবাদ হাই স্কুলের। হরিণডাঙ্গা হাই স্কুল জয়লাভ করে। ফাইনালে হরিণডাঙ্গা হাই স্কুল মুখোমুখি হয় আর্যপাড়া হাই স্কুলের। নির্ধারিত সময়ে খেলা অমীমাংসিত থাকে। ট্রাইবেকারেও অমীমাংসিত থাকে। সবশেষে টস-এ হরিণডাঙ্গা হাই স্কুল জয়লাভ করে। পুরো টুর্নামেন্টেই খেলার মান খুবই উচ্চমানের হয়েছিল। আমাদের অতিথিরা যারা ভারতের হয়ে আন্তর্জাতিক ম্যাচে প্রতিনিধিত্ব করেছেন, খেলার মানের খুব প্রশংসা করেন।

পুরস্কার বিতরণী সভায় উপস্থিত ছিলেন প্রাক্তন ভারতীয় দলের অধিনায়ক ভাস্কর গাঙ্গুলী, জাতীয় দলের খেলোয়াড় মিহির বোস, বর্তমান ডি.এইচ.এফ.সি. দলের অধিনায়ক অভিষেক দাস এবং প্রাক্তন ইস্টবেঙ্গল খেলোয়াড় সুনির্মল চক্রবর্তী প্রমুখ প্রথিতযশা খেলোয়াড়বৃন্দ। এছাড়াও উপস্থিত ছিলেন ফলতার বিধায়ক শঙ্কর কুমার নস্কর মহাশয় এবং ফলতা পঞ্চায়েত সমিতির শিক্ষাকর্মাধ্যক্ষ আতিকুল্লা মোল্লা মহাশয়।

চ্যাম্পিয়ন হয়ে সুদেবচন্দ্র মণ্ডল স্মৃতি পুরস্কার পায় আমাদের প্রিয় হরিণডাঙ্গা হাই স্কুল। পুরস্কার দাতা পুষ্প মণ্ডল। রানার্স হয়ে কালীপদ দাশ স্মৃতি পুরস্কার পায় আর্যপাড়া হাই স্কুল। পুরস্কারের দাতা অসিত কুমার দাস মহাশয়। টুর্নামেন্টের সেরা খেলোয়াড় নির্বাচিত হয় হরিণডাঙ্গা হাই স্কুলের শিবা মোদক।

খেলার মান এবং আমাদের আয়োজন এতো ভালো মানের হয় যে বিভিন্ন স্কুল থেকে বাস ভর্তি করে ছাত্ররা এবং স্থানীয় আদিবাসীবৃন্দ দলে দলে খেলা দেখতে আসেন।

**সাংস্কৃতিক প্রতিযোগিতা 'অস্মিতা' ঃ**

আমরা আন্তঃবিদ্যালয় সাংস্কৃতিক প্রতিযোগিতা 'অস্মিতা'র আয়োজন করি ২রা এবং ৩রা নভেম্বর ২০২২ তারিখে। প্রতিযোগিতা খুবই উচ্চমানের এবং আকর্ষনীয় হয়। অস্মিতার আভিধানিক অর্থ গর্ব। বিদ্যালয়ের সাংস্কৃতিক পারদর্শিতা বিষয়ে আমাদের গর্ব আছে। তাই অনুষ্ঠানের নাম অস্মিতা।

বিভিন্ন বিদ্যালয় মহাবিদ্যালয় থেকে শিক্ষা ব্যক্তিত্বরা এবং শিল্পীরা আসেন বিচারক হিসাবে। দর্শকাসনেও বিভিন্ন বিদ্যালয় মহাবিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকারা ছিলেন। সবাই খুব উপভোগ করেন।

**বিচারকমণ্ডলী ঃ**

| বিষয় | নাম | প্রতিষ্ঠান |
|---|---|---|
| আবৃত্তি | দুরন্ত মণ্ডল<br>পাঁচুগোপাল বোধক<br>নিতা হালদার | অধ্যাপক - সাধনচন্দ্র মহাবিদ্যালয়<br>অবসরপ্রাপ্ত শিক্ষক - হরিণডাঙ্গা হাই স্কুল<br>অবসরপ্রাপ্ত শিক্ষিকা - ডায়মণ্ড হারবার গার্লস হাই স্কুল |
| বিতর্ক | শাশ্বতী দাস<br>পলাশ হালদার<br>বিকাশ মণ্ডল | প্রধান শিক্ষিকা - বাখরাহাট গার্লস হাই স্কুল<br>শিক্ষক - রামকৃষ্ণ মিশন শিক্ষা মন্দির<br>অধ্যাপক - সাধনচন্দ্র মহাবিদ্যালয় |
| গান | রত্না নস্কর<br>কাবেরী নস্কর<br>নন্দিনী চানক | শিক্ষিকা - পায়রাচালী হাই স্কুল<br>বেতার এবং দূরদর্শন শিল্পী<br>শিক্ষিকা - হরিণডাঙ্গা প্রাথমিক বিদ্যালয় |
| নাচ | দীপাঞ্জন বক্সী<br>মৌমিতা পালচৌধুরী<br>অনন্যা প্রধান | শিক্ষক - দেশবন্ধু পল্লী সেবা সংঘ, সন্তোষ কুমারী শিক্ষা নিকেতন<br>শিক্ষিকা - ডায়মণ্ড হারবার কিশলয় নার্সারী ও কে.জি. স্কুল<br>শিল্পী |
| যন্ত্রসঙ্গীত | গোপাল ভাণ্ডারী<br>রত্না নস্কর<br>কাবেরী নস্কর | অবসরপ্রাপ্ত শিক্ষক - হরিণডাঙ্গা হাই স্কুল<br>শিক্ষিকা - পায়রাচালী হাই স্কুল<br>বেতার ও দূরদর্শন শিল্পী |
| প্রবন্ধ | পাঁচুগোপাল বোধক<br>শাশ্বতী দাস<br>সুনীল কুমার সরদার | অবসরপ্রাপ্ত শিক্ষক - হরিণডাঙ্গা হাই স্কুল<br>প্রধান শিক্ষিকা - বাখরাহাট গার্লস হাই স্কুল<br>অবসরপ্রাপ্ত শিক্ষক - হরিণডাঙ্গা হাই স্কুল |
| অঙ্কন | গুড্ডু সিং<br>রবীন কুমার মণ্ডল | অধ্যাপিকা - সাধনচন্দ্র মহাবিদ্যালয়<br>শিল্পী |

# আন্ত স্কুল সাংস্কৃতিক প্রতিযোগিতার ফলাফল

## আবৃত্তি (একক) ঃ- (০৩/১১/২০২২ বৃহস্পতিবার)

| বিভাগ | বিষয় | স্থান | স্থানাধিকারী | স্কুলের নাম |
|---|---|---|---|---|
| বিভাগ - ক (পঞ্চম-ষষ্ঠ) | কাণ্ডারী হুশিয়ার **কাজী নজরুল ইসলাম** অন্ধস্বদেশ দেবতা অথবা, দুর্গতিনাশিনীর প্রতি **ভবানী প্রসাদ মুখোপাধ্যায়** | ১ম<br>২য়<br>৩য় | ধ্রুবি সামন্ত<br>দিশা দেবশর্মা<br>অহনা কপাট | আমতলা নিবেদিতা বালিকা বিদ্যালয়<br>সরিষা রামকৃষ্ণ মিশন সারদা মন্দির<br>হরিণডাঙ্গা হাই স্কুল |
| বিভাগ - খ (সপ্তম-অষ্টম) | ছুটির আয়োজন অথবা, কৃপন **রবীন্দ্রনাথ ঠাকুর** | ১ম<br>২য়<br>৩য় | তানিস্কা দাস<br>অদিতি মণ্ডল<br>স্বর্নাভ জানা | সরিষা রামকৃষ্ণ মিশন সারদা মন্দির<br>আমতলা নিবেদিতা বালিকা বিদ্যালয়<br>সরিষা রামকৃষ্ণ মিশন শিক্ষামন্দির |
| বিভাগ - গ (নবম-দশম) | কলকাতার যীশু **নীরেন্দ্রনাথ চক্রবর্ত্তী** অথবা, আমার নাম ভারতবর্ষ **অমিতাভ দাশগুপ্ত** | ১ম<br>২য়<br>৩য় | আকাঙ্খা মণ্ডল<br>কৌশিকী হালদার<br>সায়েবা খাতুন | সরিষা রামকৃষ্ণ মিশন সারদা মন্দির<br>সরিষা রামকৃষ্ণ মিশন সারদা মন্দির<br>মশাট গার্লস হাই স্কুল |
| বিভাগ - ঘ (একাদশ-দ্বাদশ) | ফিরে এসো আখন **কবি শুভ দাশগুপ্ত** অথবা, ভারতবর্ষ **দেবেশ ঠাকুর** | ১ম<br>২য়<br>৩য় | সমাদৃতা হালদার<br>রিয়া পাঁজা<br>অনীক চ্যাটার্জী | হরিণডাঙ্গা হাই স্কুল<br>হরিণডাঙ্গা হাই স্কুল<br>হরিণডাঙ্গা হাই স্কুল |

## সংস্কৃত কবিতা আবৃত্তি (একক) ঃ- (০৩/১১/২০২২ বৃহস্পতিবার)

| বিভাগ | বিষয় | স্থান | স্থানাধিকারী | স্কুলের নাম |
|---|---|---|---|---|
| বিভাগ - ক (সপ্তম-অষ্টম) | আদিগুরু পিতামাতরৌ (প্রথম ৪টি শ্লোক) অথবা সরস্বতী বন্দনা | ১ম<br>২য়<br>৩য় | তানিস্কা দাস<br>রৌনক হাসান<br>রুবাইয়া খাতুন | সরিষা রামকৃষ্ণ মিশন সারদা মন্দিব<br>হরিণডাঙ্গা হাই স্কুল<br>হরিণডাঙ্গা হাই স্কুল |
| বিভাগ - খ (একাদশ-দ্বাদশ) | দশাবতার স্তোত্রমের (পরপর ৪টি শ্লোক) অথবা গীতার কর্মযোগের পরপর ৪টি শ্লোক | ১ম<br>২য় | মৌসুমি বর<br>অনীক চ্যাটার্জী | হরিণডাঙ্গা হাই স্কুল<br>হরিণডাঙ্গা হাই স্কুল |

## তাৎক্ষনিক বক্তৃতা ঃ- (০৩/১১/২০২২ বৃহস্পতিবার)

| বিভাগ | বিষয় | স্থান | স্থানাধিকারী | স্কুলের নাম |
|---|---|---|---|---|
| বিভাগ - ক (সপ্তম-অষ্টম) | 'অনলাইন শিক্ষা প্রথাগত শিক্ষার বিকল্প হতে পারে না' (সময় ৫ মিনিট) | ১ম<br>২য়<br>৩য় | অনীক চ্যাটার্জী<br>সপ্তপর্নী দাস<br>এম.এন. সার্থক | হরিণডাঙ্গা হাই স্কুল<br>আমতলা নিবেদিতা বালিকা বিদ্যালয়<br>সরিষা রামকৃষ্ণ মিশন শিক্ষামন্দির |

প্রবন্ধ প্রতিযোগিতা ঃ- (০৩/১১/২০২২ বৃহস্পতিবার)

| বিভাগ | বিষয় | স্থান | স্থানাধিকারী | স্কুলের নাম |
|---|---|---|---|---|
| নবম-দ্বাদশ | 'লকডাউনে ছাত্রসমাজ হয়ে উঠেছে বিশৃঙ্খল মূলস্রোতে ফেরাতে তাদের বাড়াতে হবে মনোবল' | ১ম<br>২য়<br>৩য় | কিংশুক হালদার<br>তুহিনা ঢেঁকি<br>অরুনিমা ঘোরামী | হরিণডাঙ্গা হাই স্কুল<br>হরিণডাঙ্গা হাই স্কুল<br>ফতেপুর শ্রীনাথ ইনস্টিটিউশন |

নৃত্য ঃ- (০৩/১১/২০২২ বৃহস্পতিবার)

| বিভাগ | বিষয় | স্থান | স্থানাধিকারী | স্কুলের নাম |
|---|---|---|---|---|
| বিভাগ - ক (পঞ্চম-ষষ্ঠ) | রবীন্দ্র নৃত্য (স্বদেশ পর্যায়) একক | ১ম<br>২য়<br>৩য় | ঐশী মাল<br>নয়নিকা খামারু<br>সন্দীপা মণ্ডল | ডায়মণ্ড হারবার গার্লস হাই স্কুল<br>হরিণডাঙ্গা হাই স্কুল<br>তটিনী বালিকা বিদ্যাপীঠ |
| বিভাগ - খ (সপ্তম-অষ্টম) | সৃষ্টিশীল নৃত্য<br>নজরুল গীতি (স্বদেশ পর্যায়) একক | ১ম<br>২য়<br>৩য় | রিতি মণ্ডল<br>সঞ্জনা মণ্ডল<br>শুভমিতা চক্রবর্ত্তী | ডায়মণ্ড হারবার গার্লস হাই স্কুল<br>হরিণডাঙ্গা হাই স্কুল<br>সরিষা রামকৃষ্ণ মিশন সারদা মন্দির |
| বিভাগ - গ (নবম-দশম) | সৃষ্টিশীল নৃত্য (অতুলপ্রসাদ, দ্বিজেন্দ্রলাল ও রজনীকান্তের গান)(স্বদেশ পর্যায়) একক | ১ম<br>২য়<br>৩য় | সোমালিয়া সরদার<br>ইশিকা মণ্ডল<br>মৌপর্ণা সাধুখাঁ | ডায়মণ্ড হারবার গার্লস হাই স্কুল<br>হরিণডাঙ্গা হাই স্কুল<br>বাখরাহাট গার্লস হাই স্কুল |
| বিভাগ - ঘ (একাদশ-দ্বাদশ) | সৃষ্টিশীল নৃত্য আধুনিক জনচেতনার গান (বাংলা) | ১ম<br>২য়<br>৩য় | শিল্পা কুমার<br>নবনিতা সরকার<br>সোহিনী মাল | হরিণডাঙ্গা হাই স্কুল<br>আর্যপাড়া হাই স্কুল<br>হরিণডাঙ্গা হাই স্কুল |
| সর্বসাধারণ | সৃষ্টিশীল নৃত্য বর্তমান ছাত্র-ছাত্রী দেশাত্মবোধক গান (বাংলা) (সর্বাধিক ৮ জন) | ১ম | শ্রেয়শ্রী হালদার<br>সোহিনী মাল, উর্মি মণ্ডল<br>সমাদৃত হালদার, স্নেহা মণ্ডল | হরিণডাঙ্গা হাই স্কুল |
| সর্বসাধারণ (প্রাক্তন ছাত্র-ছাত্রী) | বাংলা লোকনৃত্য | ১ম<br>২য়<br>৩য় | কামেলিয়া কয়াল<br>সুস্মিতা গায়েন<br>নবনিতা সরদার | হরিণডাঙ্গা হাই স্কুল<br>হরিণডাঙ্গা হাই স্কুল<br>হরিণডাঙ্গা হাই স্কুল |

## সঙ্গীত (একক) ঃ- (০৪/১১/২০২২ শুক্রবার)

| বিভাগ | বিষয় | স্থান | স্থানাধিকারী | স্কুলের নাম |
|---|---|---|---|---|
| বিভাগ - ক (পঞ্চম-ষষ্ঠ) | রবীন্দ্র সঙ্গীত (স্বদেশ পর্যায়) | ১ম<br>২য়<br>৩য় | দেবায়ন প্রামানিক<br>অহেলি পুরকাইত<br>ঐশী সাহা | দেশবন্ধু পল্লীসেবা সংঘ<br>তটিনী বালিকা বিদ্যাপীঠ<br>বেলসিংহা শিক্ষায়তন |
| বিভাগ-খ (ছাত্র) (সপ্তম-অষ্টম) | নজরুল গীতি (স্বদেশ পর্যায়) | ১ম<br>২য়<br>৩য় | সৌরিজ মণ্ডল<br>সপ্তর্ষি মণ্ডল<br>মৌসম দাস | সরিষা রামকৃষ্ণ মিশন শিক্ষামন্দির<br>সরিষা রামকৃষ্ণ মিশন শিক্ষামন্দির<br>বেলসিংহা শিক্ষায়তন |
| বিভাগ-খ (ছাত্রী) (সপ্তম-অষ্টম) | নজরুল গীতি (স্বদেশ পর্যায়) | ১ম<br>২য়<br>৩য় | সমন্বিতা দাস<br>শ্রেয়া বর্মন<br>শ্রেয়া মণ্ডল | ডায়মণ্ড হারবার গার্লস হাই স্কুল<br>সরিষা রামকৃষ্ণ মিশন সারদা মন্দির<br>হরিণডাঙ্গা হাই স্কুল |
| বিভাগ - গ (নবম দশম) | অতুলপ্রসাদ, দ্বিজেন্দ্রলাল ও রজনীকান্ত (স্বদেশ পর্যায়) | ১ম<br>২য়<br>৩য় | অর্ঘপ্রতিম দাস<br>উষষি শী<br>সুমনা সরকার | হরিণডাঙ্গা হাই স্কুল<br>সরিষা রামকৃষ্ণ মিশন সারদা মন্দির<br>বেলসিংহা শিক্ষায়তন |
| বিভাগ - ঘ (একাদশ-দ্বাদশ) | আধুনিক জনচেতনার গান (বাংলা) | ১ম<br>২য়<br>৩য় | ঐশী নস্কর<br>কামিনী কাঞ্চন মোদক<br>প্রিয়ক মজুমদার | হরিণডাঙ্গা হাই স্কুল<br>হরিণডাঙ্গা হাই স্কুল<br>ফতেপুর শ্রীনাথ ইনস্টিটিউশন |
| সর্বসাধারণ (প্রাক্তন ছাত্র-ছাত্রী) | যে কোন বাংলা লোকসঙ্গীত (একক) | ১ম<br>২য়<br>৩য় | আইভি চক্রবর্ত্তী<br>অর্পিতা করাতি<br>দীপপ্রিয়া দে | হরিণডাঙ্গা হাই স্কুল<br>হরিণডাঙ্গা হাই স্কুল<br>হরিণডাঙ্গা হাই স্কুল |

## বাদ্যযন্ত্র ঃ- (০৩/১১/২০২২ বৃহস্পতিবার)

| বিভাগ | বিষয় | স্থান | স্থানাধিকারী | স্কুলের নাম |
|---|---|---|---|---|
| বর্তমান ছাত্র-ছাত্রীদের জন্য | যে কোন বাদ্যযন্ত্র (একক) | ১ম<br>২য়<br>৩য় | অদ্রিশ গোড়ে<br>প্রীতম দত্ত<br>ঐশী নস্কর ও বর্ষন নস্কর | হরিণডাঙ্গা হাই স্কুল<br>ফতেপুর শ্রীনাথ ইনস্টিটিউশন<br>হরিণডাঙ্গা হাই স্কুল |

অঙ্কন ঃ- (সময় ৬০ মিনিট) (০৪/১১/২০২২ শুক্রবার)

| বিভাগ | বিষয় | স্থান | স্থানাধিকারী | স্কুলের নাম |
|---|---|---|---|---|
| বিভাগ - ক<br>(পঞ্চম-ষষ্ঠ) | আগমনী | ১ম<br>২য়<br>৩য় | অন্বেষা সামন্ত<br>তিথি রায়<br>অহনা মাল | আমতলা নিবেদিতা বালিকা বিদ্যালয়<br>সরিষা রামকৃষ্ণ মিশন সারদা মন্দির<br>বাখরাহাট গার্লস হাই স্কুল |
| বিভাগ-খ<br>(সপ্তম-অষ্টম) | স্বচ্ছ বিদ্যালয় | ১ম<br>২য়<br>৩য় | অনুভব হালদার<br>মৈনাক বিশ্বাস<br>দয়িতা জানা | সরিষা রামকৃষ্ণ মিশন শিক্ষামন্দির<br>সরিষা রামকৃষ্ণ মিশন শিক্ষামন্দির<br>মশাট গার্লস হাই স্কুল |
| বিভাগ - গ<br>(নবম দশম) | জাতীয় সংহতি /<br>প্রাকৃতিক সম্পদ রক্ষার গুরুত্ব | ১ম<br>২য়<br>৩য় | প্রিয়াংশু মণ্ডল<br>মল্লিকা ভৌমিক<br>অরিজিৎ পাল | ফতেপুর শ্রীনাথ ইনস্টিটিউশন<br>মশাট গার্লস হাই স্কুল<br>ফতেপুর শ্রীনাথ ইনস্টিটিউশন |
| বিভাগ - ঘ<br>(একাদশ-দ্বাদশ) | গুরুজনদের প্রতি ছাত্র সমাজের দৃষ্টিভঙ্গী<br>ও দায়বদ্ধতা (পোস্টার) | ১ম<br>২য়<br>৩য় | অভিষেক ঝুঙ্কি<br>মিষ্টি দেওয়ান<br>রিয়া মণ্ডল | ফতেপুর শ্রীনাথ ইনস্টিটিউশন<br>আমতলা নিবেদিতা বালিকা বিদ্যালয়<br>হরিণডাঙ্গা হাই স্কুল |
| প্রাক্তন | ফিরে দেখা শৈশব ও তার খেলাঘর /<br>যামিনী রায় চিত্রশৈলী | ১ম<br>২য়<br>৩য় | চামেলি মণ্ডল<br>সীনা নস্কর<br>অনামিকা সাঁতরা | হরিণডাঙ্গা হাই স্কুল<br>হরিণডাঙ্গা হাই স্কুল<br>হরিণডাঙ্গা হাই স্কুল |

### সভাগৃহ নির্মাণঃ-

প্লাটিনাম জুবিলী বিষয়ে আমাদের প্রাক্তনীদের সঙ্গে বারবার অধিবেশন হয়। সেখানে আমরা সিদ্ধান্ত নিই যে সেলিব্রেশান কেবল সভাসমিতি, সাংস্কৃতিক অনুষ্ঠান, খাওয়া দাওয়া হবে না স্থায়ী কিছু নির্মাণ করতে হবে। তখন ঠিক হয় আমাদের ক্লাসরুম আছে, মাঠও তৈরী হয়েছে যদি একটা সভাগৃহ নির্মাণ করা যায় তবে বিদ্যালয় পরিপূর্ণতা পাবে। বিদ্যালয়ের প্রাক্তন ছাত্র আমাদের প্রাক্তন সহকর্মী অনাদি ভূষণ হালদারের পুত্র চিরঞ্জীব হালদার আমাদের প্রস্তাব দেয় যে সভাগৃহ নির্মাণ হলে সে আর্থিক অনুদান দেবে। চিরঞ্জীব এবং তারমা শঙ্করী হালদার ১০ লক্ষ টাকা অনুদান দিতে সম্মত হন। তখন সবাই অনাদিভূষণ হালদারের নামে সভাগৃহ নির্মাণের সিদ্ধান্ত গ্রহন করেন। সভাগৃহের নাম চূড়ান্ত হল অনাদি ভূষণ সভাগৃহ। আরও ঠিক হয় যে কেউ ২৫০০০ টাকা বা তার বেশী অনুদান দিলে তার নামে ব্যক্তিগত ফলক দেওয়া হবে। ৫০০০ টাকা বা তার বেশী অনুদান দিলে দাতাদের নামের তালিকায় তার নাম দিয়ে ফলক দেওয়া হবে।

প্রথমে স্টেজটা কমপ্লিট করার সিদ্ধান্ত করা হয়। দর্শকাসন পরে হবে। সেইমতো ২৪টা ঢালাই পিলার দিয়ে মোট আয়তন নির্মিত হয়েছে ৭০x৫০ বর্গফুট। মূল স্টেজ ৪০x৩০ বর্গফুট। দুটো রিহার্সাল রুম কাম ড্রেসিং রুম এবং দুটো বাথরুম হয়েছে। মূল স্টেজে ওঠার জন্য দুটো ওয়েটিং রুমও হয়েছে।

## যারা অনুদান দিয়েছেন তাদের নাম নীচে দেওয়া হল

| ক্রমিক নং | স্মৃতির উদ্দেশ্যে/সম্মানে | দাতা | দান (টাকায়) |
|---|---|---|---|
| ১. | শ্যামাপদ গোড়ে | চন্দন গোড়ে | ২৫,০০০ |
| ২. | যামিনীকান্ত দে | তন্ময় দে এবং মধুমিতা দে | ২৫,০০০ |
| ৩. | অজয় মণ্ডল | তন্ময় দে এবং মধুমিতা দে | ২৫,০০০ |
| ৪. | পরিমল সরদার | তন্ময় দে এবং মধুমিতা দে | ২৫,০০০ |
| ৫. | শক্তিপদ হালদার | তন্ময় দে এবং মধুমিতা দে | ২৫,০০০ |
| ৬. | অনুপ কুমার হালদার | তন্ময় দে এবং মধুমিতা দে | ২৫,০০০ |
| ৭. | সহদেব চন্দ্র সরদার | সুনীল কুমার সরদার | ১,২৫,০০০ |
| ৮. | দুখীবালা সরদার | সুনীল কুমার সরদার | ১,০০,০০০ |
| ৯. | কালীপদ মণ্ডল | ডঃ অসীম কুমার মণ্ডল | ২৫,০০০ |
| ১০. | ধীরেন্দ্রনাথ মণ্ডল | ডঃ সুজিত মণ্ডল | ২৫,০০০ |
| ১১. | শশাঙ্কশেখর বেরা | প্রসূন বেরা | ৫০,০০০ |
| ১২. | সুদেবচন্দ্র মণ্ডল | পুষ্প মণ্ডল | ২৫,০০০ |
| ১৩. | নিরাপদ কাঞ্জী | কল্পনা মণ্ডল | ২৫,০০০ |
| ১৪. | অনিলচন্দ্র গোড়ে | শ্যামল গোড়ে | ৫০,০০০ |
| ১৫. | রতিকান্ত হালদার | রাধারানী হালদার | ২৫,০০০ |
| ১৬. | সত্যরঞ্জন সরদার | স্বরূপ সরদার | ২৫,০০০ |
| ১৭. | শান্তিলতা সরদার | স্বরূপ সরদার | ২৫,০০০ |
| ১৮. | মথুর মোহন নস্কর | সীনা নস্কর | ২৫,০০০ |
| ১৯. | লীলাবতী রায় | সজলকান্তি রায় | ২৫,০০০ |
| ২০. | রামচন্দ্র রাজ | পরেশ রাজ, বনমালী রাজ, কল্যান রাজ | ২৫,০০০ |
| ২১. | সুকুমার হালদার | সুশোভন হালদার, সুচন্দন হালদার | ২৫,০০০ |

## আরও যারা অনুদান দিয়েছেন তাদের নাম নীচে দেওয়া হল

| ক্রমিক নং | দাতা | দান (টাকায়) |
|---|---|---|
| ১. | দেবাশিস রায় | ১৫,০০০ |
| ২. | মৃত্যুঞ্জয় মণ্ডল | ১০,০০০ |
| ৩. | পাঁচুগোপাল বোধক | ১০,০০০ |
| ৪. | অরুন কুমার সামন্ত | ১০,০০০ |
| ৫. | গোপালচন্দ্র ভাণ্ডারী | ১০,০০০ |
| ৬. | নির্মাল্য হালদার | ১০,০০০ |
| ৭. | অসিত কুমার দাশ | ১০,০০০ |
| ৮. | মানস ভৌমিক | ১০,০০০ |
| ৯. | অজয় মণ্ডল | ১০,০০০ |
| ১০. | সৌমিক বোধক | ১০,০০০ |
| ১১. | রমেশচন্দ্র হালদার | ১০,০০০ |
| ১২. | সৌম্য চক্রবর্তী | ১০,০০০ |
| ১৩. | অভিষেক হালদার | ১০,০০০ |
| ১৪. | মিণ্টু বারুই | ১০,০০০ |
| ১৫. | বিনয় দলুই | ৮,০০০ |
| ১৬. | বিদ্যুৎ হালদার | ৮,০০০ |
| ১৭. | রামতনু সাঁতরা | ৭,০০০ |
| ১৮. | চৈতালী হালদার | ৭,০০০ |
| ১৯. | গোপাল কয়াল | ৫,০০০ |
| ২০. | বিশ্বরঞ্জন পাল | ৫,০০০ |
| ২১. | প্রদ্যোৎ হালদার | ৫,০০০ |
| ২২. | ইন্দ্রজিৎ মণ্ডল | ৫,০০০ |
| ২৩. | শ্যামল মণ্ডল | ৫,০০০ |
| ২৪. | চন্দন রায় | ৫,০০০ |
| ২৫. | পল্টু হালদার | ৫,০০০ |
| ২৬. | শ্রীকৃষ্ণ দে | ৫,০০০ |
| ২৭. | অমিতাভ রায় | ৫,০০০ |

| ক্রমিক নং | দাতা | দান (টাকায়) |
|---|---|---|
| ২৮. | চিত্তরঞ্জন পাল | ৫,০০০ |
| ২৯. | ময়ূখ কোটাল | ৫,০০০ |
| ৩০. | ক্ষিতিশ রঞ্জন হালদার | ৫,০০০ |
| ৩১. | মৌমিতা নস্কর | ৫,০০০ |
| ৩২. | সাহিদ শেখ | ৫,০০০ |
| ৩৩. | পিয়ালী কাঞ্জি | ৫,০০০ |
| ৩৪. | তনুরূপ দে | ৫,০০০ |
| ৩৫. | কৃষ্ণেন্দু খাঁ | ৫,০০০ |
| ৩৬. | মেহেবুব খাঁ | ৫,০০০ |
| ৩৭. | সন্দীপ কুমার নস্কর | ৫,০০০ |
| ৩৮. | চামেলী মণ্ডল | ৫,০০০ |
| ৩৯. | সত্যজিৎ মান্না | ৫,০০০ |
| ৪০. | কৌশিক মিথিয়া | ৫,০০০ |
| ৪১. | পলাশ ঘোষ | ৫,০০০ |
| ৪২. | টুসি মণ্ডল | ৫,০০০ |
| ৪৩. | মনিকা ভদ্র | ৫,০০০ |
| ৪৪. | শেফালী মণ্ডল | ৫,০০০ |
| ৪৫. | সুমনা পাল | ৫,০০০ |
| ৪৬. | প্রিয়াঙ্কা হালদার | ৫,০০০ |
| ৪৭. | ইন্দ্রানী বৈতালিক | ৫,০০০ |
| ৪৮. | সুস্মিতা শীল | ৫,০০০ |
| ৪৯. | সুজাতা মুখার্জী | ৫,০০০ |
| ৫০. | সুপর্ণা দাস | ৫,০০০ |
| ৫১. | পাপিয়া রায় | ৫,০০০ |
| ৫২. | নন্দিনী চানক | ৫,০০০ |
| ৫৩. | ষষ্ঠীরঞ্জন দাস | ৫,০০০ |

## অনাদি ভূষণ সভাগৃহের উদ্বোধন হয় ৩০শে সেপ্টেম্বর ২০২৪ তারিখ
## যে সকল অতিথিবৃন্দ উপস্থিত ছিলেন ঃ

উদ্বোধক - **স্বামী প্রাণানন্দ মহারাজ,** সম্পাদক রামকৃষ্ণ মিশন, সরিষা

প্রধান অতিথি - **জাহাঙ্গীর খান,** পূর্তকর্মাধ্যক্ষ, দক্ষিণ ২৪ পরগণা জেলা পরিষদ

বিশেষ অতিথি - **শংকর কুমার নস্কর,** বিধায়ক, ফলতা থানা

**নজরুল হক সিপাই,** জেলা বিদ্যালয় পরিদর্শক, দক্ষিণ ২৪ পরগণা জেলা

সমাপ্তি অনুষ্ঠান ঃ-

এক বছরব্যাপী অনুষ্ঠানের শেষ হয় ২রা এবং ৩রা জানুয়ারী ২০২৩ তারিখে। অনুষ্ঠানের উদ্বোধন করেন 'দি নেওটিয়া ইউনিভার্সিটি'র উপাচার্য বিশ্বজিৎ ঘোষ মহাশয়। উপস্থিত ছিলেন ডায়মণ্ড হারবার মহিলা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক সুজিত মণ্ডল, সাধনচন্দ্র মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ফজলুল হক, হরিণডাঙ্গা হাই স্কুলের অবসরপ্রাপ্ত সহকারী প্রধান শিক্ষক কাশীনাথ হালদার, অবসরপ্রাপ্ত শিক্ষক সুনীল কুমার সরদার, পরিচালন সমিতির সদস্য আব্দুল আলিম মোল্লা প্রমুখ। সভায় সভাপতিত্ব করেন বিদ্যালয় পরিচালন সমিতির সভাপতি গোপাল কয়াল মহাশয়।

দ্বিতীয় পর্যায়ে কৃতী বর্তমান এবং প্রাক্তন (যারা শিক্ষাজগতের সর্বোচ্চ ডিগ্রী ডক্টরেট উপাধি পেয়েছেন, গবেষনা করছেন বা অন্যান্যভাবে কৃতী) ছাত্রছাত্রীদের এবং শিক্ষকদের সম্বর্ধনা দেওয়া হয়। সবাই অনুষ্ঠানের দিনে আসতে পারেননি। তাদেরকে পরে দেওয়া হয়। যাদেরকে সম্বর্ধনা দেওয়া হয়েছে।

১. আকাশ মণ্ডল (মাধ্যমিক ২০১৯, উচ্চমাধ্যমিক ২০২১) NEET ২০২১ তে সফল হয়ে ডায়মণ্ড মেডিকেল কলেজে ভর্তি হয়েছে।

২. সুমিত কুমার খামারু (মাধ্যমিক ২০১৯, উচ্চমাধ্যমিক ২০২১) WBJEE ২০২১ তে ১৫০ র‍্যাঙ্ক করে যাদবপুর ইউনিভার্সিটিতে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ ভর্তি হয়েছে।

৩. শুভ্রজিৎ সাহা ২০২১ সালে বিদ্যালয়ে প্রথম ছাত্র হিসাবে NTS স্কলারশিপ পায়।

৪. চয়ন হালদার (মাধ্যমিক ২০২০, উচ্চমাধ্যমিক ২০২২) উচ্চমাধ্যমিকে রাজ্যে নবম স্থান অধিকার করে নরেন্দ্রপুর রামকৃষ্ণ মিশনে কেমিস্ট্রি অনার্স নিয়ে ভর্তি হয়েছে।

৫. সৌমি সরদার (মাধ্যমিক ২০২০, উচ্চমাধ্যমিক ২০২২) উচ্চমাধ্যমিকে রাজ্যে একাদশনতম স্থান অধিকার করেছে।

৬. প্রীত নস্কর (মাধ্যমিক ২০১৮, উচ্চমাধ্যমিক ২০২০) NEET ২০২২ তে সফল হয়ে ন্যাশনাল মেডিকেল কলেজে MBBS এ ভর্তি হয়েছে।

৭. মৌমিতা পাড়ুই (মাধ্যমিক ২০১৯, উচ্চমাধ্যমিক ২০২১) NEET ২০২২ তে সফল হয়ে ডায়মণ্ড হারবার মেডিকেল কলেজে MBBS এ ভর্তি হয়েছে।

৮. সুপর্ণা সরকার (মাধ্যমিক ২০১২, উচ্চমাধ্যমিক ২০১৪) JRF ২০২২ এ উত্তীর্ন হয়ে বেনারস হিন্দু ইউনিভার্সিসিটিতে সংস্কৃত বিষয়ে পি.এইচ.ডি.তে অ্যাডমিশন পেয়েছে।

৯. অরিজিৎ মণ্ডল (মাধ্যমিক ২০১৭, উচ্চমাধ্যমিক ২০১৯) INSPIRE স্কলারশিপ প্রাপক (২০১৯-২০২২), ২০২২ সালে ফিজিক্স অনার্স পাশ করে ইণ্ডিয়ান অ্যাসোসিয়েশান ফর দি কালটিভেশান অফ সায়েন্সে ইন্টিগ্রেডেড এম.এস.সি., পি.এইচ.ডি.-তে অ্যাডমিশন পেয়েছে।

১০. ঐশী নস্কর (মাধ্যমিক ২০২২) কলা উৎসবে ২০২২ তে ইনস্ট্রুমেন্টাল মিউজিক নিয়ে রাজ্যে প্রথম হয়ে জাতীয় স্তরে ওড়িষার ভুবনেশ্বরে NCERT অডিটোরিয়ামে প্রতিযোগিতায় অংশগ্রহন করেছে।

১১. দীপাঞ্জন ঘোষ (মাধ্যমিক ২০২১, উচ্চমাধ্যমিক ২০২৩) কলাউৎসব ২০২২ তে লোকসংগীত বিভাগে রাজ্যে দ্বিতীয় স্থান অধিকার করেছে।

১২. অনুরাগ মণ্ডল (নবম শ্রেণীর ছাত্র), বিদ্যাসাগর সায়েন্স অলিম্পিয়াডে ২০২২ সালে রাজ্যে ১০০ জনের মধ্যে নির্বাচিত হয়েছে এবং রাজ্যে সপ্তম স্থান অধিকার করেছে।

১৩. দীপাঞ্জন নস্কর ২০২২ সালে ডি.এইচ.এফ.সি. দলের হয়ে ফুটবলে আই. লিগ খেলার যোগ্যতা অর্জন করেছে এবং এম.পি. কাপ ফুটবলে ১২৮টা দলের মধ্যে তারা চ্যাম্পিয়ন হয়েছে এবং সে চ্যাম্পিয়ন দলের অধিনায়ক।

১৪. সৌভিক কুমার পাড়ুই (মাধ্যমিক ২০১৫), NIT শিলচর থেকে Artificial Intelligence এ M. Tech (২০২২) করে ধানবাদ আই.আই.টি.তে পি.এইচ.ডি. করছে এবং সে শিক্ষা ও অনুসন্ধান বিশ্ববিদ্যালয়ের (ভুবনেশ্বর, ওড়িশা) Computer Science বিভাগের নিয়মিত অধ্যাপক।

১৫. সৌরভ কাঞ্জি (মাধ্যমিক ২০১২), বর্ধমান মেডিকেল কলেজ থেকে MBBS শেষ করে মেদিনীপুর মেডিকেল কলেজে MD (General Surgery) তে ভর্তি হয়েছে।

১৬. রাহুল সামন্ত (মাধ্যমিক ২০১৬), বর্ধমান মেডিকেল কলেজে MBBS পাঠরত।

১৭. বিবেক বাহাদুর শ্রেষ্ঠ (মাধ্যমিক ২০১০, উচ্চমাধ্যমিক ২০১২) GATE পরীক্ষায় সফল হয়ে খড়গপুর আই.আই.টি.তে এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে পি.এইচ.ডি.তে অ্যাডমিশন পেয়েছে।

১৮. দুলাল চন্দ্র কাঞ্জী, অ্যাকাডেমি অ্যাওয়ার্ড ২০১৯, সংগীত নাটক বিভাগ, ভারত সরকার।

১৯. ডাঃ মানস ভৌমিক (মাধ্যমিক ১৯৮৬), Scientist E, ভারতীয় জাদুঘর, কলকাতা।

২০. ডঃ অজয় মণ্ডল (মাধ্যমিক ১৯৮৭), প্রফেসর, পেট্রোলিয়াম ইঞ্জিনিয়ারিং বিভাগ, ধানবাদ আই.আই.টি.।

২১. ডঃ সুজিত মণ্ডল (মাধ্যমিক ১৯৯২), অধ্যাপক ভূগোল বিভাগ, ডায়মণ্ড হারবার মহিলা বিশ্ববিদ্যালয়। রাজ্য সরকারের দেওয়া শিক্ষারত্ন প্রাপক।

২২. ডঃ তন্ময় দে (মাধ্যমিক ১৯৯৪), ২০২২ সালে জার্মানীতে হেঙ্কেল টপ ইনোভেশন অ্যাওয়ার্ড পেয়েছে।

২৩. ডঃ সমীর ভাণ্ডারী (মাধ্যমিক ১৯৯১), অ্যাসিস্ট্যান্ট প্রফেসর, বাজকুল মিলনী মহাবিদ্যালয়।

২৪. ডঃ দেবকী নস্কর (মাধ্যমিক ২০০২, উচ্চমাধ্যমিক ২০০৪) পি.এইচ.ডি. (সেল বায়োলজি) আই.আই.টি. খড়গপুর, পোষ্ট ডক্টরেট করছে কেমব্রিজ ইনস্টিটিউট ফর মেডিকেল রিসার্চ, ইংল্যাণ্ড।

২৫. ডঃ স্বপ্নালী খামারু (মাধ্যমিক ২০০৬), পি.এইচ.ডি. (প্লাজমা ফিজিক্স), ইনস্টিটিউট অফ প্লাজমা রিসার্চ, গান্ধীনগর, গুজরাট, পোষ্ট ডক্টরেট করছে কায়োটো ইনস্টিটিউট অফ টেকনোলজি, কয়োটো, জাপান।

২৬. ডঃ মৌমিতা নস্কর (মাধ্যমিক ২০১০, উচ্চমাধ্যমিক ২০১২) পি.এইচ.ডি. (ম্যাগনেটিক সিস্টেম, মণ্টে কার্লো সিমিউলেশান) প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়। পোস্ট ডক্টরেট করছে ইনস্টিটিউট অব ম্যাথমেটিক্যাল সায়েন্সেস, চেন্নাইতে।

২৭. ডঃ সৈকত মণ্ডল (মাধ্যমিক ২০০৯) পি.এইচ.ডি. (ক্রিস্টাল ইঞ্জিনিয়ারিং) আইজার, কলকাতা। এখন পোস্ট ডক্টরেট করছে ফেডারেল ইনস্টিটিউট ফর মেটিরিয়াল রিসার্চ এ্যাণ্ড টেস্টিং, বার্লিন জার্মানীতে।

২৮. সৌরভ চাউলে (মাধ্যমিক ২০০৭), এম. টেক. (কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং) যাদবপুর বিশ্ববিদ্যালয়, পি.এইচ.ডি. করছে উলসান ন্যাশনাল ইনস্টিটিউট অফ সায়েন্স এণ্ড টেকনোলজি, সাউথ কোরিয়াতে।

২৯. পায়েল হালদার (মাধ্যমিক ২০০৭), এম.এস-সি. (অর্গানিক কেমিষ্ট্রি) এন.আই.টি. দুর্গাপুর, পি.এইচ.ডি. করছে উলসান ন্যাশনাল ইনস্টিটিউট অফ সায়েন্স এণ্ড টেকনোলজি, সাউথ কোরিয়াতে।
বিষয় : ডিস্টিলেশান এণ্ড ডিস্যালিনেশান।

৩০. নবনিতা গিরি (উচ্চমাধ্যমিক ২০০৭) এম.এ. (সংস্কৃত), এম.ফিল., পি.এইচ.ডি. করছে রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয় থেকে। বিষয় : বৌদ্ধ ধর্ম

৩১. সুস্মিতা গরাই (মাধ্যমিক ২০১৩) এম.এস-সি. (জিওফিজিক্স), আই.আই.টি.আই. এস.এম. ধানবাদ, পি.এইচ.ডি. করছে ইনস্টিটিউট অফ নিউ মেক্সিকো। বিষয় : আর্থ এণ্ড প্লানেটারি সায়েন্স।

৩২. প্রশান্ত হালদার (মাধ্যমিক ১৯৮৩) বি.টেক. (কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং), কলিকাতা বিশ্ববিদ্যালয়, ডেপুটি জেনারেল ম্যানেজার, ইণ্ডিয়ান অয়েল কর্পোরেশন (মার্কেটিং ডিভিশন), গুহাহাটী, আসাম।

৩৩. শ্যামল গোড়ে (মাধ্যমিক ১৯৮৬) বি.টেক. (কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং), কলিকাতা বিশ্ববিদ্যালয়, লীড প্রসেস ইঞ্জিনিয়ার, ওরলি, কানাডা।

৩৪. রুনু হালদার (মাধ্যমিক ১৯৮৮) বি.এস-সি. (নার্সিং), এম.এস-সি (নার্সিং) এস.এস.কে.এম., ভাইস প্রিন্সিপাল, জগন্নাথ গুপ্ত ইনস্টিটিউট অফ নার্সিং সায়েন্সেস।

৩৫. চিরঞ্জীব হালদার (মাধ্যমিক ১৯৯৩) বি.টেক. (কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং), কলিকাতা বিশ্ববিদ্যালয়, ইঞ্জিনিয়ার টেকনিপ ইঞ্জিনিয়ার্স ইণ্ডিয়া লিমিটেড, নয়ডা, উত্তরপ্রদেশ।

৩৬. স্বরূপ কয়াল (মাধ্যমিক ১৯৯৩) এম.কম. (বর্ধমান বিশ্ববিদ্যালয়), ওয়েস্ট বেঙ্গল অডিট এণ্ড এ্যাকাউন্ট সার্ভিসে যোগদান। বর্তমানে প্র্যাকটিসরত চ্যাটার্ট অ্যাকাউণ্ট্যাণ্ট।

৩৭. সৌমিক বোধক (মাধ্যমিক ২০০৪) এম.এস-সি. (ম্যাথেমেটিক্স), এম.ফিল. (যাদবপুর বিশ্ববিদ্যালয়), কাস্টডি ট্যাক্স অফিসার (সিটি ব্যাঙ্ক), ইউরোপ, ওয়ারশ, পোলাণ্ড।

৩৮. সুদীপ মণ্ডল (উচ্চমাধ্যমিক ২০০৭) এম.এ. (ইংরাজী), কোলকাতা বিশ্ববিদ্যালয়, এ্যাসিস্ট্যান্ট সেকশান অফিসার, গৃহ মন্ত্রণালয়, নয়া দিল্লি।

৩৯. শান্তনু পালুই (মাধ্যমিক ২০০২, উচ্চ মাধ্যমিক ২০০৪) এম.বি.এ. ইন ব্যাঙ্কিংএণ্ড ফিনান্স, ব্রাঞ্চ ম্যানেজার, স্টেট ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া।

৪০. অমিত দিকপতি (উচ্চমাধ্যমিক ২০০৮) এম.এ. (ফিলোজফি) কলিকাতা বিশ্ববিদ্যালয়, ডেপুটি ম্যানেজার (কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন)।

৪১. ধ্রুবচরণ হালদার। বিদ্যালয়ের প্রথম প্রধান শিক্ষক। প্লাটিনাম জুবিলী কমিটি ছাড়াও সোনম প্রিণ্টার্স, দোস্তপুর থেকেও তাকে সম্বর্ধনা জানানো হয়।

৪২. ডঃ অসীম কুমার মণ্ডল। বর্তমান প্রধান শিক্ষক (রাজ্য সরকারের শিক্ষারত্ন পুরস্কার প্রাপক ২০১৯)। সোনম প্রিণ্টার্স, দোস্তপুর থেকেও তাকে সম্বর্ধনা জানানো হয়।

৪৩. শুভেন্দু ঘোষ। সহকারী শিক্ষক (রাজ্য সরকারের শিক্ষারত্ন প্রাপক ২০২১)।

৪৪. সুস্পিতা শীল, শিক্ষিকা, ২০২২ সালে কলা উৎসবে রাজ্যের গাইড টিচার নির্বাচিত হয়ে রাজ্যের দল নিয়ে ভুবনেশ্বর এন.সি.ই.আর.টি. অডিটোরিয়ামে জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহন করেন।

৪৫. এন.সি.ই.আর.টি. লোকনৃত্য দল (ইশিতা মণ্ডল, প্রিয়া মণ্ডল, সুতপা হালদার, পৌলমী মণ্ডল, কোয়েল সামন্ত, চয়ন কয়াল) যারা ২০১৫ সালে রাজ্য চ্যাম্পিয়ন হয়ে জাতীয় স্তরে অসমে গুয়াহাটীতে অংশগ্রহন করে।

৪৬. কলা উৎসব লোকগীতি দল (সৃজনী কোটাল, মিতালী মণ্ডল, রিমা ঘোষ, আইভি চক্রবর্তী, অনন্যা নিয়োগী, কোয়েল ভাণ্ডারী, অগ্নিভ পণ্ডা, কুনাল কুমার দলুই) যারা ২০১৭ সালে রাজ্য চ্যাম্পিয়ন হয়ে জাতীয় স্তরে মধ্যপ্রদেশের ভোপালে প্রতিযোগিতায় অংশগ্রহন করে।

৪৭. কলা উৎসব লোকগীতি দল (সৃজনী কোটাল, আইভি চক্রবর্তী, রিমা ঘোষ, ইশিতা মণ্ডল, পৌলমী মণ্ডল, অগ্নিভ পণ্ডা, কুনাল কুমার দলুই, রাধারমন ঘোষ) যারা ২০১৮ সালে রাজ্য চ্যাম্পিয়ন হয়।

৪৮. কলা উৎসব লোকনৃত্য দল (চয়ন কয়াল, অর্নব সিংহ, প্রতীক পালুই, দেবার্ঘ দাস, সুরজিৎ মণ্ডল, সুমন ভাণ্ডারী, রামকৃষ্ণ দাস) যারা ২০১৭ সালে রাজ্যে দ্বিতীয় এবং ২০১৮ সালে রাজ্যে তৃতীয় স্থান দখল করে।

৪৯. চয়ন কয়াল ২০১৮ সালে কলা উৎসবে নৃত্যে রাজ্যে প্রথম হয়ে দিল্লিতে এন.সি.ই.আর.টি. অডিটোরিয়ামে প্রতিযোগিতায় অংশগ্রহন করার সুযোগ পায়।

৫০. অগ্নিভ পণ্ডা ২০১৯ সালের কলা উৎসবে ইনস্ট্রুমেণ্টাল মিউজিকে রাজ্যে তৃতীয় স্থান দখল করে।

৫১. সাজিদ পারভেজ ২০১১ সালে অনুর্ধ ১৪ ক্রিকেট রাজ্য দলে সুযোগ পায় এবং জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করে।

৫২. স্নেহা দাস ২০১৯ সালে অনুর্ধ ১৪ বাস্কেট বল রাজ্য দলে সুযোগ পায় এবং জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণ করে।

৫৩. রিয়া দাস ২০১৯ সালে অনুর্ধ ১৭ বাস্কেট বল জেলা দলে সুযোগ পায় এবং রাজ্য প্রতিযোগিতায় তৃতীয় স্থান দখল করে।

৫৪. ২০১৯ সালে শিক্ষক দিবসে নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে উদ্বোধনী সংগীত পরিবেশন করা দল ( শ্রেয়া নস্কর, অর্পিতা করাতি, সৃজনী কোটাল, আইভি চক্রবর্তী, রিমা ঘোষ, ইশিতা মণ্ডল, পৌলমী মণ্ডল, ঈশানী মোদক, প্রতীক পালুই, অগ্নিভ পণ্ডা, চয়ন কয়াল)।

৫৫. ২০২৩ সালে জাতীয় স্তরে অংশগ্রহণকারী হকি খেলোয়াড়বৃন্দ ঃ প্রীতম হালদার, তুষান আদক, ওম কর্মকার, শ্রেয়সী মল্লিক, অর্পিতা নস্কর, তনুশ্রী মল্লিক, মাসকুরা খাতুন।

৫৬. ২০২৪ সালে হকিতে রাজ্য স্তরের প্রতিযোগিতা নেহরু কাপ হকিতে ছেলেদের অনুর্ধ ১৫ বিভাগে হরিণডাঙ্গা হাই স্কুল থেকে অংশগ্রহণকারী ছাত্ররা ঃ ওম কর্মকার, অয়ন আদক, সায়ন্তন নস্কর, অনীক নস্কর, দীপ মালিক, সুদীপ্ত নস্কর, ঋদ্ধ চক্রবর্তী, সোহম মাখাল, স্বস্তিক বাগ, সরজু খান, অশোক কুমার পাল, দেব কাঁঠাল, শুভজিৎ নস্কর।

৫৭. ২০২৪ সালে হকিতে রাজ্য স্তরের প্রতিযোগিতা নেহরু কাপ হকিতে মেয়েদের অনুর্ধ ১৭ বিভাগে হরিণডাঙ্গা হাই স্কুল থেকে অংশগ্রহণকারী ছাত্রীরা ঃ তনুশ্রী মল্লিক, পাপিয়া মালিক, প্রত্যুষা মল্লিক, স্বস্তিকা গায়েন, অর্পিতা নস্কর, তৃষা হালদার, মাসকুরা খাতুন, শ্রেয়সী মল্লিক, পারমিতা বেরা, স্নেহা খান, তৃষা ভাণ্ডারী, শ্রী মণ্ডল, তুহিনা ইসলাম, ইশিকা গায়েন, সায়ন্তিকা মিদ্যা, উযসী চক্রবর্তী।

৫৮. **ঋষভ চক্রবর্তী ( মাধ্যমিক ২০১৪, উচ্চমাধ্যমিক ২০১৬) জনপ্রিয় অভিনেতা এবং সঙ্গীত শিল্পী।**

৫৯. **দেবস্মিতা মিত্রী (নবম শ্রেণীর ছাত্রী), বিদ্যাসাগর সায়েন্স অলিম্পিয়াডে ২০২৩ সালে রাজ্যে ১০০ জনের মধ্যে নির্বাচিত হয়েছে।**

৬০. **অনিকেত মন্ডল, ২০২৩ সালের কলা উৎসবে লোকনৃত্যে রাজ্যে দ্বিতীয় স্থান অধিকার করেছে।**

দ্বিতীয় পর্যায়ে বিদ্যালয়ের শিক্ষিকারা গান পরিবেশন করেন। অংশগ্রহনে সুপর্ণা দাস, সিনা নস্কর, কল্পনা কাঞ্জী, সুজাতা মুখার্জী, চামেলী মণ্ডল, ইন্দ্রানী বৈতালিক, পাপিয়া রায়, শেফালী মণ্ডল, সুমনা পাল, প্রিয়াঙ্কা হালদার, টুসি মণ্ডল, লাবনী বৈদ্য প্রমুখ। বিদ্যালয়ের দুই প্রাক্তন ছাত্রী অর্পিতা করাতি এবং মিতালী মণ্ডল তাদের স্বভাবসিদ্ধ সুললিত কণ্ঠে সংগীত পরিবেশন করে। এরপর বর্তমান ছাত্রছাত্রীরা বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান করে।

দুপুরের আহারের পরে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের লোকসংগীত (ভাওয়াইয়া) বিভাগের অধ্যাপিকা সঙ্গীতা রায় মহাশয়া সঙ্গীত পরিবেশন করেন। গান যে একপ্রকার চলমান শিল্প, একই গান এলাকা পরিবর্তন হলে তারে সুরের কেমন পরিবর্তন হয় তা ব্যাখ্যা করে এবং গান গেয়ে বুঝিয়ে দেন। গান যে একটা বিষয়, শুধুমাত্র বিনোদন বা সুখে-দুঃখে মনের ভাব প্রকাশের মাধ্যম যা পূজোর মাধ্যম নয় আমরা উপলব্ধি করলাম।

৩রা জানুয়ারী ২০২৩ তারিখে বর্তমান এবং প্রাক্তন ছাত্রছাত্রীদের গান, নাচ, নানাপ্রকার যন্ত্রসঙ্গীত ইত্যাদির মধ্য দিয়ে শুরু হয়। আমাদের ছাত্রী কেয়া সামন্ত (যে নিজে মমতা শঙ্কর ড্যান্স কোম্পানীর শিক্ষিকা) তার নিজের এবং তার ছাত্রীদের উপস্থাপনা দেখে আমরা খুব প্রীত হই। সে তার নাচের মধ্যে দিয়ে পথের পাঁচালীর অংশবিশেষ ফুটিয়ে তোলে।

এরপর সভা অনুষ্ঠিত হয়। ছিলেন ফলতার বিধায়ক শঙ্কর কুমার নস্কর, ফলতা পঞ্চায়েত সমিতির সহসভাপতি শ্রীকৃষ্ণ সাহা, শিক্ষা কর্মাধ্যক্ষ আতিকুল্লা মোল্লা, প্ল্যাটিনাম জুবিলী কমিটির সম্পাদক সুজিত মণ্ডল, পরিচালন সমিতির সভাপতি গোপাল কয়াল মহাশয়। বিদ্যালয়ের সকল শিক্ষক, শিক্ষিকা ও কর্মীবৃন্দকে উত্তরীয় পরিয়ে এবং ফলক দিয়ে সম্বর্ধনা জানানো হয়। প্রকৃতপক্ষে তারাই এত বড়ো অনুষ্ঠান সুষ্ঠভাবে সম্পন্ন করার মূল কারিগর।

বর্তমান এবং প্রাক্তন ছাত্রছাত্রীরা রবীন্দ্রনাথ ঠাকুরের নৃত্যনাট্য চিত্রাঙ্গদা উপস্থাপন করে। অংশগ্রহনে চয়ন কয়াল, ইশিতা মণ্ডল, শিল্পা কুমার, মনিষা মণ্ডল, শ্রেয়শ্রী হালদার, ঊর্মি মণ্ডল, সোহিনী মাল, সৌমিলী ঘোষ, সঞ্জনা মণ্ডল, অভীপ্সা ঘোষ, সৃজা হালদার, সূচনা দাস, সালোনী সাউ, আহেলী সাউ, প্রিয়ম পালুই, তিয়াসা নস্কর, ডোরিনা মণ্ডল, অহনা সরদার, মোনালিসা মণ্ডল, নয়নিকা খামারু, খুশি খাতুন, তুহিনা খাতুন, পূর্ণা মণ্ডল, স্নেহা মণ্ডল, বৃষ্টি মণ্ডল, পারমিতা বেরা, কোয়েল হালদার।

মধ্যাহ্নভোজের পর বিখ্যাত বাচিক শিল্পী ব্রততী বন্দ্যোপাধ্যায়ের উপস্থাপনা আমাদের এবং ছাত্রছাত্রীদের আজীবন মনে থাকবে। স্কুলের আবহ শিল্পীর নিজের খুব পছন্দ হয়েছে। তিনি তার নিজের স্কুল জীবনের দিনগুলিতে ফিরে গিয়েছিলেন। স্কুলের ক্যাবিনেটে এতো প্রাইজ, দেওয়ালে এতো সার্টিফিকেট দেখে তিনি অভিভূত হয়ে যান। পরবর্তী দেড় ঘণ্টার নিরবচ্ছিন্ন উপস্থাপনাতে তার স্বতঃস্ফূর্ত বহিঃপ্রকাশ আমরা দেখতে পাই। স্কুলের আবহ তাকে উজ্জীবিত করেছে এবং তার উপস্থাপনা চূড়ান্ত পরিপূর্ণতা লাভ করেছে।

## হরিণডাঙ্গা বিদ্যালয়ের ৭৫ বছর পূর্তি উপলক্ষে গোলপার্কের অধ্যক্ষ মহারাজ স্বামী সুপর্ণানন্দজীর বক্তৃতা (অনাদি ভূষন সভাগৃহের ভিত্তি স্থাপন প্রসঙ্গে)

অনুলিখনে - **মণিকা ভদ্র** (শিক্ষিকা সংস্কৃত বিভাগ)

সদস্যবৃন্দ সভাপতি সহ, প্রাক্তন ছাত্রবৃন্দ, বর্তমান ছাত্রবৃন্দ, গ্রামবাসী যারা আছেন এবং মঞ্চে উপবিষ্ট যারা অতিথি আছেন তাঁদের মধ্যে আমার একটি ভাই আছেন, সরিষা রামকৃষ্ণ মিশন হাই স্কুলের প্রধান শিক্ষক মহারাজ তাকেও আমি আমার স্নেহ ভালোবাসা, শ্রদ্ধা জানাই। আজকে আপনাদের প্লাটিনাম জুবিলি সেলিব্রেশনের অঙ্গ হিসেবে যে একটি সভাগৃহ ভিত্তি স্থাপন অথবা উদ্বোধন আমি ঠিক বুঝতে পারি না, সভাগৃহটি বোধ হয় তৈরি হবে। সেই প্রাক্কালে আমাকে আমন্ত্রণ জানিয়েছেন। আমি ভার্চুয়ালি এসেছি, সশরীরে ওখানে যেতে পারিনি সেজন্য ক্ষমা চাচ্ছি। আমি সর্বাগ্রে এর সাফল্য কামনা করি। খুব তাড়াতাড়ি এই সভাগৃহটি একজন শিক্ষক মহাশয়ের সন্তান অনাদি বাবুর নামে - তাঁর পিতার নামে তিনি দিয়ে গেলেন। কিন্তু আমি শুনেছি প্রাক্তন ছাত্ররা এই কাজে ব্রতী হয়েছেন। আমি বর্তমান ছেলেদের সামনে প্রাক্তন ছাত্রদেরই কিছু বলতে চাই। প্রাক্তন ছাত্ররা এই বিদ্যালয় থেকে লেখাপড়া শিখে অনেকেই বড় হয়েছেন, অনেকে হয়তো তেমন বড়ো হননি। কিন্তু কেউ পিছিয়ে নেই। কেউ হয়তো গ্রামেতেই আছেন, নানারকম পেশার সাথে তাদের যোগ। অর্থাৎ তারা যত বড় হচ্ছেন, তাদের ওপরে যে দায়িত্ব চেপেছে তারা যাতে বহন করতে পারেন সেজন্য একটা কর্ম খুঁজে নিতে হয়। হেড মাস্টার মহাশয় অসীম বাবু আপনাকে বলছি, আপনার বিদ্যালয়ে আমি আশা করি যে সকল প্রাক্তন ছাত্রই সুপ্রতিষ্ঠিত। এরাই আপনাদের গর্ব এবং আমি তাদের বলি, তারা যেন মাতৃসম বিদ্যালয়কে কখনও না ভোলে। এটা তাদের দেখার কথা, যারা বড় হয়ে এসেছে একটা প্রতিষ্ঠান থেকে। তারা কিন্তু তাদের বিদ্যালয়কে একদম ভোলেন না। এটা আমরা লক্ষ্য করে এসেছি, আমরাও তো একটা বিদ্যালয় থেকে বড় হয়ে এসেছি, বিদ্যালয়ের কথা এখনও আমাদের উদ্বেল করে তোলে। সেই বিদ্যালয়ের জন্য কিছু করার জন্য আমরা কিন্তু সর্বদাই এগিয়ে যাই। বিদ্যালয় প্রাক্তন ছাত্রছাত্রীদের ডাকবে সেটা আমাদের কাছে খুবই গৌরবের ব্যাপার। আমরা আপনাদের কাছে একটা অনুরোধ করব আপনারা একটা organisation করবেন। যদি হয়ে গিয়ে থাকে তাহলে ভালো আর না হয়ে গিয়ে থাকলে সেটা যেন হয়। মনুষ্য জীবনের কিছু উদ্দেশ্য আছে। উপার্জন করলাম খাওয়ালাম সেতো ভালো জিনিষ তারপর কিন্তু আত্মোজ্ঞান লাভ করাই মনুষ্য জীবনের মূল উদ্দেশ্য। আমি কে সেটা যেন জানতে পারি। জেগে আছি যখন, তখন আমি। জাগ্রত অবস্থাই এটা। দেহটা পড়ে থাকে আর আমি আকাশে বাতাসে ঘুরে বেড়াই। সুতরাং মন পুষ্টি সাধন চায়। মন খাবার চায়। মনের খাবার কি? মনের খাবার হল এক কথায় culture। শরীরের খাবার হল civilization। মানুষের civilization পশুর civilization থেকে আলাদা। মানুষ সমাজ তৈরী করেছে, কতগুলো প্রথা আছে। মানুষ বিবাহ করে। অন্যান্য পশুর মতো তার কামনা বাসনা চরিতার্থ হয় না। Marriage এটা একটা বিশাল জিনিস। Marriage is for sacrifice। বিবাহের মধ্যে দিয়ে দুটি মানুষ অচ্ছেদ্য বন্ধনে আবদ্ধ হয়ে থাকে। জন্মজন্মান্তর ধরে এই সম্পর্ক রচিত হয়। এগুলো কোন accidental কিছু নয়। সেইভাবে আমরা ঘড়বাড়ি বেঁধেছি, সুন্দর সুন্দর অট্টালিকার ব্যবস্থা করেছি, খাবার দাবার বানিয়েছি। চিকিৎসার ব্যবস্থা করেছি, যানবাহনের ব্যবস্থা করেছি, মোবাইলের ব্যবস্থা করেছি, এসব সভ্যতা, এ সভ্যতা উচ্চ সভ্যতা — বারণের সভ্যতা। কিন্তু culture হচ্ছে ত্যাগ এবং সেবা। আমি কতটা মনকে তৈরি করেছি, অন্যের সাথে ভাগ করে খাবার জন্য। অন্যের দুঃখ বোঝবার জন্য, অন্যের সুখ অনুভব করার জন্য। আশা করি আমার ভাইয়েরা এবং বোনেরা, দাদারা, আপনারা সব বুঝতে পারছেন।

Culture, এই culture আমাদের মনের বিকাশ করে। এরপর আসে গভীর ঘুম — সেখানে মনও নেই শরীরও নেই। ঘুমন্ত অবস্থায় কেউ কিছুই জানতে পারে না। আমাদের জাগরণের অবস্থা যেমন সত্য গভীর ঘুমের অবস্থাও তেমন সত্য। ওই সময় আমরা যে যেখানেই থাকি, সেই অবস্থা হল spirit বা চৈতন্য। ১লা জানুয়ারী ঠাকুর কল্পতরু হয়েছিলেন তখন চৈতন্যের সন্ধান দিয়েছিলেন। আমরা যখন ধ্যান করতে বসি, ধ্যান করতে বসে যখন মনকে দেহের বাইরে নিয়ে যাই, তখন চৈতন্যের সঙ্গে দেখা করি যেটা ঘুমের মধ্যেও হয়। ৫-৬ ঘণ্টা ঘুমোতে না পারলে আমাদের শরীর মন ক্লান্ত হয়ে যায়। আবার ফিরে আসি fresh হয়ে, এইজন্য ওইটে হচ্ছে আধ্যাত্মিকতা। মনকে control করে আধ্যাত্মিক জীবনকে সমুন্নত করা। তাহলে একটা হচ্ছে সভ্যতা, আরেকটা হল culture, তারপরেরটা হল spirituality। ভগবানের খবর আছে কিনা। খাওয়া দাওয়া করছি, বেড়াচ্ছি, বই পড়ছি, বই লিখছি — এগুলো করে আমরা আনন্দ পাই। তার জন্য খরচও করি। এই অবস্থা থেকে কিভাবে spiritual অবস্থায় যাব? এইজন্য স্বামীজি আমাদের নিদান বা ব্যবস্থাপত্র দিয়েছেন। Prescription — এই prescription কি? যারা বর্তমান ছাত্রছাত্রী তারা এটা শুনে রাখ, যারা প্রাক্তন ছাত্রছাত্রী তারা কিন্তু এই জীবনের মধ্যে ঢুকে পড়েছে। তাদের এটা বুঝতেই হবে যে, খাওয়া পরার সমস্যা মিটলে পরে cultural সমস্যা এসে পড়ে। ছবি আঁকা — এইসব নানান culture। আমি হিমালয় দেখতে যাচ্ছি, কি ভেবে? হাজার, হাজার টাকা খরচা করে যেতে হবে, আনন্দ আছে। Everest এর চূড়া দেখব, এই ভাবনাতে আনন্দ। মন থেকে আত্মায় নিয়ে যেতে হয়, চৈতন্যে নিয়ে যেতে হয়, পরপর। ভোগ জীবনে তৃপ্তিটা যেন অনন্ত প্রসারিত হয় সেই মন তৈরি কর। বহুজন্মের সুকৃতির পরে একটা এমন মন পাবে যে মন ভোগে তৃপ্ত নয় বা নাচ গানেও তৃপ্ত নয়, খাওয়া দাওয়াতে তৃপ্ত নয়। সে মন ভোগ চায় না। ত্যাগ এবং সেবার কথা স্বামীজি বলেছেন। ত্যাগ এবং সেবার মধ্যে দিয়ে মন সুসংস্কৃত হয়। ত্যাগে আনন্দ পায়। এই ত্যাগের দ্বারা যদি আমাদের জীবনকে ভগবানের চরণে নিবেদন করি, যে কর্ম করি সেই কর্মটা ভগবানকে নিবেদন করি। হে ভগবান তুমি পবিত্র, সেই পবিত্রতাকে স্পর্শ করতে গেলে নিজেকে পবিত্র হতে হয়। তাই শ্রীরামকৃষ্ণ বলতেন 'সবাই আমাকে ধরতে পারবি না, আমি সমাধিস্থ হয়ে যাব।' দাঁড়িয়ে দাঁড়িয়ে তিনি মন বুদ্ধির পারে চলে যাচ্ছেন। সবাই তাকে ধরতে পারতেন না, দু-একজন পারতেন। যেমন - বাবুরাম মহারাজ। হাড় - শুদ্ধ শুদ্ধ। আমরা পবিত্রই। Purity is our nature। আমরা স্বরূপতঃ পবিত্র। সকল জীবের মধ্যেই পবিত্রতা আছে। স্বামীজি সমস্ত তত্ত্ব নিয়ে যে নির্যাস আমাদের দিয়েছেন যারা মন্দিরে পূজা করেন তারা ধার্মিক, যারা মানুষের পূজা করেন তারা ভগবগান। ছাত্র ভাইবোনেরা যারা প্রাক্তন তাদের বলি আপনারা জীবন গড়ে তুলুন এবং শুভ কাজে মন দিন। তাই বলছি প্রাক্তনেরা হেডমাস্টার মশাইয়ের সঙ্গে যোগাযোগ করুন এবং এক বছর অন্তর সভা করুন। সব প্রয়োজন এরাই মেটাবে। আমি সব স্কুলেই যাই, দেখি বিদ্যালয়গুলির অবস্থা জরাজীর্ন। বিদ্যালয় যদি আমাদের মন্দির হয়, তবে তার এই দৈন্যদশা দেখে আমরা ব্যথিত হই। এ এক যন্ত্রণার ব্যাপার। আমাদের মন্দিরটিকে সুসজ্জিত করতে হবে। স্কুল থেকেই জাতীয়তাবোধের উন্মেষ হবে। স্বামীজি বলেন আমরা ভগবানের উপাসক। সত্য পথ অনুবর্তন করুন। পশুর ধর্ম ত্যাগ করে মানব ধর্মে উন্নীত করা এবং মানুষের ধর্ম থেকে নিজেদের দেবতার ধর্মে উন্নীত করা। এই হল আমাদের মানব জীবনের উদ্দেশ্য। লেখাপড়া শিখে চাকরি করা এবং চাকরি থেকে retire করা তারপরও জীবন আছে, সেই জীবনটা যেন আমরা আত্মচিন্তায় উন্নীত করি। এটাই আমাদের প্রার্থনা।

# শিক্ষক-শিক্ষার্থীর সম্পর্ক হোক 'নান্দনিক'

**সুজাতা মুখার্জী** (শিক্ষিকা সংস্কৃত বিভাগ)

"বিদ্যা দদাতি বিনয়ম্" — এই আপ্ত বাক্যটি আজকের সমাজ জীবনে কতখানি সার্থকভাবে প্রযুক্ত, তাঁর বিশ্লেষণই পরিষ্কারভাবে ছাত্র-শিক্ষক সম্পর্কের মূল্যায়ণে সক্ষম।

মানুষের জ্ঞানচর্চার উষালগ্ন থেকেই ছাত্র-শিক্ষকের সম্পর্কের সূচনা। বিদ্যাদান ও বিদ্যাগ্রহনের মধ্য দিয়ে গড়ে ওঠে এই নিবিড় সম্পর্ক। শিক্ষক ছাত্রদের সামনে যে জ্ঞান-প্রদীপ জ্বালিয়ে দেন, তারই আলোতে ছাত্র খুঁজে পায় নতুন জীবনের ঠিকানা।

"গুরু ব্রহ্মা গুরু বিষ্ণু গুরুদেব মহেশ্বর
গুরু সাক্ষাৎ পরম ব্রহ্ম তস্মৈ শ্রীগুরবে নমঃ।"

কথায় বলে, জীবনে প্রথম যিনি পৃথিবীর আলো দেখান তিনি প্রথম গুরু। যে মানুষটি হাত ধরে সমস্ত বাধা বিপত্তি চলতে শেখান, তিনি দ্বিতীয় গুরু। আর অবশ্যই হাজার চড়াই উতরাই পার করতে জীবনের জ্ঞান সমৃদ্ধ করার চেষ্টায় যিনি আমাদের নানানভাবে প্রতিনিয়ত সাহায্য করে চলেছেন তিনি শিক্ষাগুরু। ছোটবেলা থেকেই শিক্ষকের প্রতি এক অগাধ সম্মান, শ্রদ্ধা এবং ভালোবাসা নিয়েই পথ চলতে শুরু করে সবাই। কোনটি সঠিক আর কোনটি ভুল তার ব্যাখ্যা দিয়েই সবসময়ই বাঁচিয়ে চলেছেন শিক্ষকেরা।

প্রাচীন পৃথিবীতে আমরা দেখেছি, কীভাবে গ্রিসের গুরু-শিষ্য পরম্পরা সারা বিশ্বকে আলোড়িত করেছে। এক দিকে মহান দার্শনিক সক্রেটিস, তাঁর সুযোগ্য শিষ্য প্লেটো আর তাঁর সুযোগ্য ছাত্র অ্যারিস্টটল এবং সুযোগ্য ছাত্র আলেকজাণ্ডার। এভাবেই গুরু-শিষ্য পরম্পরা তৈরী করে এক একটা নতুন যুগ। মহাভরতেও এই পরম্পরার প্রচুর উদাহরণ পাওয়া যায়। পঞ্চপাণ্ডবের গুরু ছিলেন দ্রোণাচার্য। যাঁকে পাণ্ডবেরা শেষ দিন পর্যন্ত পরম শ্রদ্ধার জায়গায় রেখেছিলেন। অর্জুন তাঁর অন্যতম প্রিয় ছাত্র। সুতরাং গুরুর শিক্ষা ভালো হলে যোগ্য শিক্ষার্থী অবশ্যই সাফল্য পেতে পারেন জ্ঞানার্জনে। একথা বলাই যায়।

আদিকাল থেকেই শিক্ষক-পড়ুয়ার সম্পর্কের রসায়ন আর পাঁচটা সম্পর্কের চেয়ে আলাদা। সময়ের সঙ্গে বদলেছে তার গতিপ্রকৃতিও। একটা কথা এখন প্রায়ই শোনা যায়, 'আগের সেই শিক্ষকও নেই, সেই শিক্ষার্থীও নেই' — এটা আমাদের পারিপার্শ্বিক অন্যসব সম্পর্কের মতোই। সম্পর্কের ক্ষয়িষ্ণুতা নির্দেশ করে। অথচ পরিবারে জন্মগ্রহন করা একটা মানবশিশু পরিবারের পরেই মানুষ হয়ে বেড়ে ওঠার কার্যকর শিক্ষা পেয়ে থাকে শিক্ষালয় ও শিক্ষক থেকে। কখনো কখনো পরিবারের চেয়ে শিক্ষকের কাছ থেকেই বেশি পায়। শিশু সমাজের একজন সদস্য এবং বিদ্যালয়ের একজন শিক্ষার্থী।

সুতরাং শিশুর সুষম বিকাশের জন্য বিদ্যালয় ও সমাজের পারস্পরিক সম্পর্ক ঘনিষ্ঠ ও হৃদ্যতাপূর্ণ হওয়া আবশ্যক। শিক্ষার্থীর সুশিক্ষার ক্ষেত্রে মা-বাবা বা অভিভাবকের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই কারণেই অভিভাবকের সাথে বিদ্যালয়ের সম্পর্ক ও সমন্বয় ঘনিষ্ঠ হওয়া অত্যন্ত আবশ্যক। আধুনিক শিক্ষায় শিক্ষক-ছাত্রের সম্পর্কের সমীকরণ সহজ ও স্বাভাবিক হওয়া আবশ্যিক। শিক্ষকের শ্রেষ্ঠত্বের মনোভাব শিক্ষক ও ছাত্রের স্বাভাবিক মেলামেশা ও সুসংহত বিদ্যালয় তথা সমাজ গঠনের পরিপন্থী, সহানুভূতিপূর্ণ পথপ্রদর্শক ও বন্ধু হিসেবে শিক্ষার্থীর কাছে নিজের পরিচয় স্থাপিত করতে হবে শিক্ষককে, শাসক ও নিয়ন্ত্রক হিসেবে নয়। শিক্ষকতা শুধু একটি বৃত্তি বা পেশা নয়, বরং এটি একটি আরাধনা। আদর্শ ও নিবেদিতপ্রাণ শিক্ষকের জ্ঞান ও গুণে মুগ্ধ শিক্ষার্থী শিক্ষককে মর্যাদার আসনে অধিষ্ঠিত করে।

শিক্ষাদান ও শিক্ষাগ্রহন দেওয়া-নেওয়ার মাধ্যমে গড়ে ওঠে শিক্ষক-শিক্ষার্থীর সুন্দর সম্পর্ক। দাতা গ্রহীতার সম্পর্কের চেয়ে অনেক পবিত্র এ সম্পর্ক। শিক্ষকের জ্ঞান ও অভিজ্ঞতা দ্বারা সমৃদ্ধ হতে চাইলে তার প্রতি শিক্ষার্থীকে হতে হবে শ্রদ্ধাশীল ও অনুগত। থাকতে হবে তাঁর ওপর গভীর আস্থা আর তখনই শিক্ষক শিক্ষার্থীকে সর্বোত্তম শিক্ষায় শিক্ষিত করতে সক্ষম হবেন। এর ফলে সাধিত হবে শিক্ষার মহৎ উদ্দেশ্য এবং প্রতিষ্ঠানে সৃষ্টি হবে সুন্দর পরিবেশ। আমি মনে করি শিক্ষক-শিক্ষার্থীর মধ্যে প্রাণপূর্ণ বন্ধুত্ব, শ্রদ্ধা, স্নেহ ও মান্যতার সম্পর্ক প্রতিষ্ঠা ছাড়া কার্যকর পঠন, পাঠন ও শিখন সম্ভবপর নয়।

তাই শিক্ষিকা হিসেবে শিক্ষার্থীদের উদ্দেশ্যে আমি বলতে চাই—

'ওঁ সহনাববতু সহনৌভুনক্তু সহবীর্যং করবাবহৈ।
তেজস্বিনাবধীতমস্তু মা বিদ্বিষাবহৈ।।'

অর্থাৎ আমাদের অধীত বিদ্যা আমাদের (আচার্য ও শিষ্য) রক্ষা করুক এবং পালন করুক। আমরা (শিক্ষক ও শিক্ষার্থী) যেন পরস্পর সহযোগিতায় কর্মক্ষেত্রে বীর্য প্রকাশ করতে সমর্থ হই। আমাদের বিদ্যা তেজঃসম্পন্ন হউক। আমরা যেন পরস্পর বিদ্বেষপোষন না করি।

# খোলা চিঠি .....

হে প্রিয়,

তোমাকে নিয়ে কোনোদিনই কিছু লেখা হয়নি, বলা হয়নি, মনের অনেক কথা জমে আছে, জানিনা তোমাকে কতটা বলতে পারবো। মনে পড়ে সেই প্রথম দিনের কথা, সেই অচেনা ক্লাসরুম, অচেনা বন্ধু, অচেনা পরিবেশে যখন তোমার কাছে গিয়েছিলাম ঠিক ১৬ বছর আগে। সেদিনও ভাবিনি তোমাকে আমি এতটা আপন করে নিতে পারবো, আজ আমি যতই বড় হয়ে যাইনা কেন তোমার কাছে সবসময় আমি সেই ২০০৬ এর ময়ূখ ই থাকবো, হতে চাইনা আমি তোমার কাছে বড়।

সেই ১০টায় গিয়ে আমাদের প্রিয় ৩ নং বেঞ্চে ব্যাগ রাখা, তারপর একছুটে পিছনের মাঠে ক্রিকেট খেলা, এসবই তো আমার কাছে আজ স্মৃতি। জানো খুব কষ্ট হয়, দুঃখ হয় এটা ভেবে যে তোমার কাছে আমি আজ প্রাক্তন, সেই ক্লাসরুম আজও আমাদের পিছনে ডাকে। টিফিনের টাইমের সেই ক্রিকেট খেলা ওয়ার্নিং বেল পড়লেই কাশীনাথ বাবুর ছড়ি নিয়ে ভয় দেখানো সবটাই আজ খুব মনে পড়ে। ৫-এ সেকশনের অমিতাভ বাবুর ক্যুইজ হোক বা পঞ্চানন বাবুর ইংলিশ ক্লাস কখনোই আর ফিরে পাবোনা। আজও মনে হয় কেনো বড় হয়ে গেলাম, বিশ্বাস করো বয়স বাড়লেও আমি সেই ছোটোই থেকে গিয়েছি। এখনও ইচ্ছা করে ক্লাসরুমের মধ্যে লুকিয়ে ক্রিকেট খেলা, লুকিয়ে টিফিন খাওয়া। প্রতি বছর সরস্বতী পূজার অপেক্ষায় থাকি, এই একটি দিনই তোমার সাথে সবার সাথে আবার দেখা হয়।

তোমাকে ছেড়ে এসেছি ৮টা বসন্ত হয়ে গেলো, জানো আজ যখন তোমার নামে কোনো ভালো খবর শুনি গর্বে বুকটা ভরে যায়।

প্রতিদিন মিস করি তাপস বাবুর ম্যাথের ক্লাস, নির্মাল্য বাবুর কেমিস্ট্রি। তখন তোমাকে অতটা বুঝতাম না হয়তো সেইজন্যই তুমি আমার অত্যাচারগুলো সহ্য করে নিতে, কিন্তু আমিও জানি তুমিও ওই অত্যাচারগুলো মিস করো। জানিনা কতটা ভালোবাসতে পেরেছি তোমাকে, শুধু রাস্তা দিয়ে যাওয়ার সময় চোখের কোণটা ভিজে যায় সেইসব দিনের কথা মনে পড়লে। মনে হয় এক ছুটে গিয়ে তোমাকে জড়িয়ে ধরি আর বলি ফিরিয়ে দাও আমাকে আবার পুরনো দিনগুলো।

তুমি কি ভাবতে পারছো যে ছেলেটা আট বছর আগে তোমাকে ছেড়ে চলে এসেছে কিন্তু কখনই নিজেকে প্রাক্তন মনে করে না। তুমি কি একটুও মনে করতে পারছো। আমাদের কথা, আমাদের সেই গ্রুপের কথা।

জীবনে কতটা বড়ো হয়েছি তোমার আশীর্বাদে জানিনা, কিন্তু বিশ্বাস করো আজ মনে পড়ছে যখন পরীক্ষায় খাতায় তোমাকে নিয়ে লিখতে হতো আর তাতে নাকি আমরা মার্কস পেতাম। আর আজ এতটাই বড়ো হয়ে গেলাম তোমার কথা মনে করে চিঠি লিখছি।

মাধ্যমিকের পরে যখন সবাই অন্যের কাছে চলে গেলো, আমি কিন্তু তোমাকেই আপন করে নিয়েছিলাম, আমার বিশ্বাস ছিল তুমি ঠিক আমাকে পথ দেখিয়ে দেবে। আজ কি দাওনি তুমি আমাকে, তোমার জন্যই সব পেয়েছি। যে ছেলেটা একসময় স্যার ম্যামদের কাছে বকা খেতো, মার খেতো, দুষ্টুমির জন্য, আজ সেই ছেলেটাই তোমাকে খোলা চিঠি দিচ্ছে, এই ভরসা, বিশ্বাস শুধু তো তুমিই আমাকে দিয়েছো।

গর্ব হয় তোমাকে নিয়ে যখন খবরে পড়ি তোমার পরিবারের সদস্য শিক্ষারত্নে সম্মানিত হচ্ছেন, যখন তোমার ছোট ছোট বাচ্ছাগুলো বিভিন্ন বিভাগে পুরস্কার আনছে। গর্ব করে তখন বলি ওই যে আমার গর্ব অহংকার আজ পুরস্কৃত হচ্ছে।

আজ অনেকটাই বদলে গিয়েছ তুমি, খেলার মাঠ উন্নত হয়েছে, স্কুলের পরিবেশ বদলেছে, স্যার ম্যাম নতুন এসেছেন। কালের নিয়মে হয়তো এগুলো স্বাভাবিক, কিন্তু বিশ্বাস রেখো তোমার আমার ভালোবাসা কোনোদিনই বিলীন হতে দেবো না। জীবনের শেষ নিশ্বাস পর্যন্ত তোমাকেই ভালোবেসে যাবো।

আজ তবে শেষ করলাম, জানিনা কেনো আজও চোখের কোণটা ভিজে গেল।

যদি কোনোদিন আবার ভর্তি হওয়ার সুযোগ পাই তো দ্বিতীয়বার আর ভাবনো না, এক ছুটে চলে যাবো। এই জনমে আর সম্ভব নয় জানি, পরের জন্মে যদি মানুষ হয়ে ফিরতে পারি, তোমার হৃদয়ে আরও একবার স্থান দিও। ধন্যবাদ সবাইকে, সমস্ত স্যার ম্যাডাম আমার বন্ধু, দাদা-দিদি, ছোটো ভাই বোনদের চাই এই প্রিয় জায়গার হাজার হাজার বর্ষ পালন হোক। শুভ জন্মদিন।

**তুমি আমার গর্ব, তুমি আমার অহংকার।**

ইতি -

**তোমার, ময়ূখ কোটাল**

প্রাক্তন ছাত্র

মাধ্যমিক ২০১২, উচ্চ মাধ্যমিক বিজ্ঞান বিভাগ ২০১৪,

এক্সিকিউটিভ মেম্বার - প্লাটিনাম জুবিলি উদযাপন ২০২২-২৩

## অন্তঃস্থ বর্ণ

সুনীল সরদার (প্রাক্তন শিক্ষক)

বাবার মুখে প্রথম শোনা স্বরবর্ণ
সে অন্ধের হাতি দর্শনের মতো।
অ অজগর থেকে ঔষধ খেতে মিছে বলা।
তখন অনুভবের বান এল অন্তরে —
সে কি আনন্দ আর উত্তেজনা।
সূর্যের আলোর মতো প্রতিটি অক্ষরের
আলো ছড়িয়ে পড়ল প্রাণের প্রকোষ্ঠে।
আমি হারিয়ে যাই আকাশের নীলে।
আমার অন্তঃস্থ বর্ণ সুর হয়ে ঝরে
অন্তরের ফলকে দেখি অক্ষরের মুখ।
উষার মোলাটে ঘেরা 'পাখি সব করে রব'
কিম্বা 'কাননে কুসুম কলি' সবই
তানসেন ছবির অক্ষরে।
নতুন বইয়ের পাতা খুলে গন্ধ শুঁকি
আর প্রতিটি বর্ণ ফুলের গন্ধ নিয়ে
অন্তঃস্থ হয়ে যায় মনের গভীরে।

# A SONNET TO ALMA MATER

**Ramesh Chandra Haldar**
*Ex. Student (Madhyamik 1992)*

Harindanga High School, an institute of repute
An ideal cradle for little gems to grow and flourish.
A seat of learning, free from cares and anguish
Scholars prudent nurture infants cute
Virtues like punctuality, discipline they execute.
The glory we enjoy will never diminish,
In days ahead all barriers we'll demolish.
She will live for everin fame as institute.

As a bright star in firmament she will twinkle,
More colourful feathers to her crown bright.
Emotions of love, respect and honour she'll kindle.
Come centuries her brightness be her might,
Now Platinum on her crown will sparkle,
Looking for Centinary in twenty forty eight.

## কেন তবে?

সৌমিত্র দাস (প্রাক্তন ছাত্র)

এই যে দেখি এতো আলোর রোশনা
এই এতো চিরসবুজ সংগীতের মূর্ছনা।
এতো চতুর্দিক সাজো সাজো রব
এতো এতো ছাতিমের সৌরভ।
এই যে এতো এতো মায়ের আরাধনার আড়ম্বর
এতো উপহার তার সাথে এতো দানের বহর,
এত মানুষের উচ্ছ্বাস আর উদ্দীপনা।
সত্যিই কি আলোকিত করছে সর্বত্র?
সত্যিই কি সুবাসে ভরছে এ মর্ত্য?
সত্যিই কি এই খুশিতে আত্মহারা তারা?
অভুক্ত, অনাহারে দিন কাটাচ্ছে যারা।
মেলাতে পেরেছে কি এই খুশির মেলাতে
তবে কেন মণ্ডপে মণ্ডপে মায়ের কোলেতে
এখনো দেখি সেই ক্রন্দনরতা শিশু?
এখনো কেন দেখি অর্ধ উলঙ্গ সেই বালক?
কেন তবে দেখি মলিন শাড়িতে
হাত করে প্রসারিত এক পেট ভরাতে?
কেন, কেন তবে?

## এ কেমন পথ!

সৌমিত্র দাস (প্রাক্তন ছাত্র)

এ কেমন পথ!
বড়ো বড়ো রাস্তা আর সো সো ছুটে চলা
যানবাহনের ব্যস্ততায়, অতিক্রম করা
দায়, এ পার থেকে ওপার যেতে
পেতে হয় বেগ
আজ সেই পথ মিলায়েছে হাহাকারের ক্রন্দনে।
বিনিদ্র রজনী, উলঙ্গ রাস্তায় কাটে রাত
উন্মুক্ত আকাশ, গাছেদের নীরবতা
আর সো সো গাড়ির গতিবেগ।

এ কেমন পথ!
শারদ সন্ধ্যায় উজ্জ্বলতার জৌলুসের জোয়ার
ঢেউ তোলে পালে পালে
ঠিক তখন একদল টানে দাড়
ধরে থাকে হাল
ভবিষ্যতের রথচক্রকে করতে সচল।
ব্যস্ততার মাঝেও, অন্ধকার ঘনিয়ে আসে সাঁঝে
তবুও তারা ধরে থাকে হাল।
দিতে হবে পাড়ি।

এ কেমন পথ!
ঘুর পথে কত লোক করে আনাগোনা
সঠিকের কথা না হয় শোনা
নিরুপায় অসহায় তারা আজ রাস্তায়
দেখেও তেমন কেউ না তাকায়
দিন যায় রাত আসে,
জ্যোৎস্না হারিয়ে অমাবস্যায় ভাসে
উন্মুক্ত আকাশে, তারার দিকে চেয়ে
রাজপথে অসহায়, নিরুপায়, শিক্ষিতরা শুয়ে।



## Dr. Manas Bhaumik

Presently worked as Scientist E & Head of Office, Botanical Survey of India, Industrial Section Indian Museum, Kolkata and engaged in documentation, preservation and conservation of art, artifacts and botanical objects housed here. He also look after the identification of Narcotic Drugs and Psychotropic Substances under NDPS Act 1985 supplied by various law enforcement Agencies of West Bengal as well as from India.

Dr. Bhaumik Passed Madhyamik examination in 1986 from this school with 1st Division and did his M. Sc (Botany) from Calcutta University in 1993 and Ph. D from T.M. Bhagalpur University, Bhagalpur, under Guidance of Prof. S. K. Verma and Dr. M. Sanjappa, former Director Botanical Survey of India. Dr. Bhaumik joined BSI in 1995 and most of the period he engaged in floristic Survey and documentation of Floristic elements of Arunachal Pradesh, Meghalaya and Assam. He also participated few Environmental Impact Assessment Studies.

His specialization in plant Taxonomy, Biodiversity and Conservation and successfully completed 15 research projects of Botanical Survey of India, Govt. of India. He edited the Book Flora of India Vol. 22.

He published 65 Research papers and 9 book chapters mostly in international and national pear reviewed Journals, like Kew Bulletin, Nordic Journal of Botany, Edinburgh Journal of Botany, Taiwania, Indian Journal of forestry, Nelumbo etc. He described Fifteen new species for science and about 28 taxa identified and reported as new distributional record for India. He worked with Natural Dyes from some selected Plants of West Bengal. He visited United Kingdom in 2022 and delivered a talk at University of Sussex, UK.

## Prof. Ajay Mandal



Dr. Ajay Mandal, is presently working as Professor in the Department of Petroleum Engineering, Indian Institute of Technology (Indian School of Mines),. Dhanbad. Earlier he served as head of the Department and Associate Dean (Research & Development) of the Institute. Dr. Madal passed Madhyamik from Harindanga High School in the year 1987 with 83% marks. He also received NMMSE scholarship in class Eight. Dr. Mandal received his B.Sc in Chemistry (Hons) with Bronze medal from Calcutta University and B.Tech. in Chemical Engineering from the same University. He was awarded Gold Medal as the best student in Master's Degree in Chemical Engineering from Jadavpur University, India. He obtained his PhD degree from Indian Institute of Technology, Kharagpur in Chemical Engineering.

Currently Dr. Mandal is carrying out his research works on reservoir engineering and enhanced oil recovery, with more than 220 research papers, books and book chapters. He has written a book on "Enhanced Oil Recovery: Mechanisms, technologies and feasibility analyses-Taylor & Francis" (in press). Dr. Mandal has worked on 19 sponsored R&D projects mostly on enhanced oil recovery and 11 consultancy projects from different Government funding agencies and oil & gas sectors. Dr. Mandal has been awarded with 2015 SPE South Asia Regional Distinguished Achievement Award for Petroleum Engineering Faculty; IIChE (Indian Institute of Chemical Engineers) Award for the Year 2017 (ONGC Award for Excellence in Design and Development of Oil/Gas Related Process Plant and/or Chemicals); 2019 SPE Reservoir Dynamics and Description Regional Award for South Asia and Pacific region; The Inder Mohan Thapar Foundation (IMTF)" Research Award from IIT(ISM) for the year 2016-17, 17-18 and 18-19 (Jointly with PhD students. He is a recipient of prestigious DAAD Fellowship of Germany in 2008. Dr. Mandal guided 22 Doctoral students and 6 students are currently pursuing their PhD. He was deputed to Institute of Reservoir Studies, ONGC under Industry-Academic interaction program for one year (18 May 2017-18 May 2018). Dr. Mandal carried out collaborative research work with Department of Petroleum Engineering, Institute of Curtin University of Technology under the Australia-India Joint Research Program, 2016. He also visited University Technology of Petronas, Malaysia (30 September-15 October, 2018) and National University Singapore (15-18th October, 2018) as collaborative Research visit. Dr. Mandal is a member of Enhanced Recovery Screening committee of Ministry of Petroleum and Natural Gas, Govt. of India. He Ranked within top 2% in the field of energy for three times by an independent study done by Stanford University scientists in 2020-22. Dr. Mandal admitted as Fellow of Royal Society of Chemistry for his outstanding performance in petroleum Chemistry. His major areas of research are enhanced oil recovery with advanced chemical injection methods viz. nanoparticle, surfactant, polymer, microemulsion, nanoemulsion, foam, CO2 miscible and immiscible flooding, gas hydrates, etc.



## Dr. Sujit Mandal

Professor Sujit Mandal is a Professor of Geography and Director, IQAC (Internal Quality Assurance Cell), Diamond Harbour Women's University. He was the former Head, Department of Geography and former Dean, Faculty of Science, Diamond Harbour Women's University (2018-2021). He served Raja N.L.Khan Women's College, Midnapore since 2005 to 2014. He performed as Head, Department of Geography, University of Gour Banga from 2014 to 2017. Prof. Mandal also acted as the Registrar (Additional Charge) of Gour Banga University in 2017. He completed his research on applied Geomorphology. He is specialized in the field of Fluvial Geomorphology, Soil and Environment, Geoinformatics, Applied Geomorphology and Hazards and Risk Management. Professor Mandal completed his schooling from Harindanga High School and passed Madhyamik Examination in the year 1992. He completed both B.Sc. and M.SC. in Geography from Calcutta University. He completed Ph.D. under the Faculty of Science of Vidyasagar University in 2013 on "Landslides in Darjeeling Himalaya". At present Professor Mandal is deeply engaged in the studies of river dynamics, carbon sequestration, resilience to hazards and disasters, salt water intrusion, river basin management, large dams and hydrologic alteration.

Professor Mandal is the author of more than 80 research articles published from reputed national and international Journals. Professor Mandal is the author of six books published form reputed International Publishing Houses i.e. Springer Publishing House, Routledge, and Cambridge Publishing House. He was the principal investigator of one Minor research project sponsored by UGC and one major research project sponsored by ICSSR (Indian Council of Social Science Research). Professor Mandal has been associated with several academic bodies/activities of University of Burdwan, Vidyasagar University, Netaji Subhas Open University, Sidhoo-Kanhoo University, Barasat State University, Jadavpur University, Calcutta University etc. Professor Mandal successfully guided five Ph.D. research scholars and eight research scholars are pursuing Ph.D. under his supervision.

Professor Mandal received **'Certificate of Reviewing Award'** in May 2017 by the Editors of GEOSCIENCE FRONTIERS, Elsevier, Amsterdam, The Netherland. He also Received **'SIKSHARATNA AWARD 2019'** from the Department of Higher Education, Government of West Bengal during the state level 'Teacher's Day' celebration programme on the 5th of September, 2019 at Netaji Indoor Stadium, Kolkata. Professor Mandal has been enlisted in **World Scientist and University Ranking 2023** under AD Scientific Index 2023

**Dr. Samir Kumar Bhandari**



Presently worked as the Head of Department of Mathematics, Bajkul Milani Mahavidyalaya, Kismat Bajkul, Purba Medinipur, West Bengal, 721655. He has teaching experience in various institution like Barasat Govt. College, Mrinalini Dutta Mahavidyalaya, Haldia Institute of Technology (HIT College), St. Xaviers College Kolkata, N.S.O.U Dum Dum Motijeel college Study Centre.

Dr. Bhandari Passed Madhyamik examination in 1991 from this school with 1st Division and did his M. Sc (Mathematics) from Jadavpur University in 2000 and Ph.D from Indian Institute of Engineering Science and Technology, Shibpur, abbreviated as IIEST Shibpur formerly known as BESUS (Bengal Engineering & Science University, Shibpur) under guidance of Prof. Binayak S. Choudhury in 2012.

His specialization is fixed point theory, mathematical economic and mathematical modelling.

He published 33 Research papers in pear reviewed Journals, like Bulletin of Calcutta Mathematical Society, Taylor & Francis, Global-Science Press, Spinger, World Scientific etc. He published one book (MATHEMATICAL LOGIC and SET THEORY) by Santra Publisher, 978-93-922426-09-4,272, 2023. He delivered some lectures at some different institutes (like Nandigram Sitananda College, Moyna College, University of Kerala). Also, he is a life-time member of Calcutta Mathematical Society.

*With Best Compliments from :*




**SBI Life**

Apne liye. Apno ke liye.

*Agent - Debabrata Mondal*

**Address : Harindanga C.S.P. Branch**
**Sahararhat Branch, Ground Floor, Falta Road**

**Contact : 9775012234 / 8967234508**

Website : https://supriyamondal991028095.lifemita.com

---

*With Best Compliments from :*

**হিমাদ্রী শেখর নস্কর : 9647349639**
**নীলাদ্রী নস্কর : 8945920025**
**7047601998**

# ফ্যাশন হাব





**এক্সক্লুসিভ জেন্টস গারমেন্টস**

**সহরারহাট বন্ধন ব্যাঙ্কের পাশে**



**এখানে মারুতি ওমনি ও**
**এ.সি. গাড়ি**
**ভাড়া পাওয়া যায়।**



*With Best Compliments from :*

# সনাতন বিল্ডিং স্টোর্স

## প্রোঃ- ধনঞ্জয় মোদক

দিঘীরপাড় বাজার, ফলতা রোড, দক্ষিণ ২৪ পরগণা

**Mob.: 9800983590 / 8597490520**

E-mail : modakdhananjoy@gmail.com



ডিলার

**Ambuja Cement, Birla Unique Cement, ACC Cement**
**NUVOCO Cement, Captain TMT 600 EQR, Kay2 Xenox**

Ambuja Cement

MP BIRLA CEMENT UNIQUE PLUS

Zero Tension Cement

ACC

Kay2 XENOX THE INTELLIGENT STEEL

CAPTAIN 600 EQR stronger | safer | super saver

NUVOCO Shaping a new world

*With Best Compliments from :*

**Mob.: 8001407726**

শিশু শিক্ষার প্রগতিশীল প্রতিষ্ঠান

SAHARARHAT SISHU NIKETAN
SAHARARHAT, FALTA, 24 PGS.

# সহরারহাট শিশু নিকেতন
# নার্সারী ও কে.জি. স্কুল

Estd.- 2002

## সহরারহাট, ফলতা, দক্ষিণ ২৪ পরগণা

- নার্সারী হইতে চতুর্থ শ্রেণী পর্যন্ত বাংলা, ইংরাজী ও হিন্দী তিনটি ভাষার মাধ্যমেই শিক্ষা দানের ব্যবস্থা আছে।
- ছাত্রছাত্রীদের ইংরাজী ও হিন্দী ভাষার কথোপকথনের উপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়।
- পর্যাপ্ত আলো, পাখা, পানীয় জল ও জেনারেটরের সুব্যবস্থা আছে।
- বিদ্যালয়ের নিজস্ব খেলার মাঠ, প্লে হাউস, অডিটোরিয়াম রুম ও স্মার্ট ক্লাসের সুব্যবস্থা আছে।
- নাচ, গান, আবৃত্তি, যোগ ব্যায়াম, পি.টি., প্যারেড, ক্যারাটে, ব্যাণ্ড বিভিন্ন বিষয়ে শিক্ষা প্রদান করা হয়।
- ছাত্রছাত্রীদের বিদ্যালয়ে আসা ও যাওয়ার জন্য গাড়ীর সুব্যবস্থা আছে।
- স্কুলের সমস্তরকম কার্যকলাপের ছবি বা ভিডিও সমাজ মাধ্যমে (Social Media) আপলোড করা হয়।

২০২৫ সেশনে
ভর্ত্তির জন্য
যোগাযোগ করুন

---

*With Best Compliments from :*

100%
Loan Assistance

# CAREER GUIDELINE

100%
Placement Assistance

*"Education Makes You Perfect...."*

**ESTD : 2018**
'Direct Admission
to your Dream Colleges...'

ADMISSION
OPEN

MBBS
NURSING
ENGINEERING
MANAGEMENT
AGRICULTURE

BDS
PHARMACY
PARA MEDICAL
LAW
MARCHANT NAVY

Aadmission Contact
Mr. Sukanta Purkait
Mob. : +91 70447 20787

*With Best Compliments from :*

# Subhas Mondal

**Small Savings Scheme**

**NSC (5/10 Years), MIS, RD, TD, KVP**
**and Savings A/C in Post Office.**

भारतीय डाक

India Post

**Vill.- Digra, P.O.- Dighirpar Bazar**
**P.S.- Falta, Dist.- South 24 Parganas**

**Contact No. : 9933327611**

*With Best Compliments from :*

শিশুশিক্ষার ঐতিহ্যবাহী পীঠস্থান

# চলন্তিকা নার্সারী ও কে.জি. স্কুল

***(Registered under West Bengal Board of Primary Education)***

**Memo No.: 164-SC/AIS/NOC**
**AIS/RTE/COMMTT./55/2019**

ফতেপুর, ফলতা, দক্ষিণ ২৪ পরগণা, পশ্চিমবঙ্গ - ৭৪৩৫১৩

**ভর্তি চলছে**

**ভর্তি চলছে**

## যোগাযোগ ঃ +91 9836171193

E-mail : info@chalantikaschool.org
onlinechalantika@gmail.com
Website : www.chalantikaschool.org

এখানে বিজ্ঞান, গণিত ও সংস্কৃতিচর্চার পাশাপাশি অঙ্কন, আবৃত্তি, নাচ, গান, কম্পিউটার ও যোগাসন শেখানো হয়।

**২০২৪ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদনপত্র বা Admission Form বিদ্যালয়ের অফিস থেকে দেওয়া চলছে।**

PATHFINDER®
Where Aspiration Meets Success

# MEET THE TOPPER



| Kingshuk Patra WBJEE 2024 | Zenia Bhattacharya NEET 2024 | Sayan Pradhan NEET 2023 | Arkadeb Manna JEE MAIN 2024 | Chandrachur Sen MADHYAMIK 2024 |
|---|---|---|---|---|
| 1 Rank | Score 715 out of 720 | AIR 12 \| 1st in WB | AIR 588 Percentile 99.97 | Score 693 out of 700 1st |

## CBSE X 2024


Score 98.8%
Somdutta Mondal


Score 98.8%
Sukrit Majumdar


Score 98.8%
Srija Maiti


Score 98.8%
Rishu Dev

## ICSE 2024


AIR 2
99.6%
Niladri Dinda


AIR 2
99.6%
Arjya Sarkar

And Many More...

**NEET | JEE Main | JEE Advanced | WBJEE | Boards | Olympiads**

Follow us on www.pathfinder.edu.in Call : 9147178886



# Falta Rural Basketball Academy

LEARN THE BASKETBALL SKILLS
FROM THE NIS COACHES

For more info Whatsapp 9836472323